
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)
গাজীপুর-১৭০১

# বার্ষিক প্রতিবেদন

২০২১ - ২০২২ খ্রিস্টাব্দ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

# বার্ষিক প্রতিবেদন

২০২১ - ২০২২ খ্রিস্টাব্দ


উপদেষ্টা

**মাহমুদুল হাসান**

মহাপরিচালক

নাটা, গাজীপুর

সংকলন ও সম্পাদনায়

**নিলুফা আক্তার**

উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), নাটা

**আকলিমুজ্জামান**

সিনিয়র সহকারী পরিচালক (ডাল ও তেল জাতীয় ফসল), নাটা

**ফারজানা হক দিপু**

সিনিয়র সহকারী পরিচালক (কৃষি অর্থনীতি)

ও প্রকাশনা কর্মকর্তা (অঃদাঃ), নাটা

**লুপু রহমান**

লাইব্রেরিয়ান, নাটা

প্রকাশকাল

সেপ্টেম্বর ২০২২

৫ম সংখ্যা

৩০০ (তিনশত) কপি

মুদ্রণ ও বাঁধাই

**আফজাল প্রিন্টিং প্রেস**

মুন্সিপাড়া রোড, জয়দেবপুর, গাজীপুর।

প্রকাশনায়

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

গাজীপুর-১৭০১

www.nata.gov.bd

dgnata14@gmail.com

# মুখবন্ধ

বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে একটি প্রতিষ্ঠানের বিগত বছরের উল্লেখযোগ্য অর্জন এবং কর্মকান্ড উপস্থাপন করা হয় । প্রতিষ্ঠানের ভিশন ও মিশনকে ফোকাস করে বিগত বছরের সাফল্য এবং ভবিষ্যৎ পরিকল্পনা অংশীজনদের কাছে তুলে ধরাই বার্ষিক প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্য। "সমৃদ্ধির অগ্রযাত্রায় অপ্রতিরোধ্য বাংলাদেশ শীর্ষক নির্বাচনী ইশতেহার ২০১৮" এর পাশাপাশি সমসাময়িক উন্নয়ন পরিকল্পনাসমূহ বিবেচনায় নিয়ে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কর্তৃক প্রণীত Strategic Management Plan of NATA (২০১৮-২০৩০) অনুযায়ী জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি তার নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করছে। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুখী সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয় এবং "মুজিব বর্ষের অঙ্গীকার কৃষি হবে দুর্বার" এই শ্লোগানের মর্মার্থকে বাস্তবে রূপদানের জন্য জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি কোভিড-১৯ এর মত অভিঘাত মোকাবেলা করে লক্ষ্য অর্জনের জন্য নিরলস কাজ করে যাচ্ছে। বিগত ২০২১-২২ অর্থবছরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচী হিসেবে ৭৫০ জন কর্মকর্তার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে মোট ১৩৯৮ জন প্রথম শ্রেণীর কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত কর্মকান্ডের পাশাপাশি সাফল্যের সাথে বাংলাদেশ সিভিল সার্ভিসের ১৩ টি ক্যাডারের ৭১ জন অফিসারদের ০৬ (ছয়) মাস মেয়াদি ০২ (দুই) ব্যাচ  এবং জাতীয়করণকৃত কলেজ শিক্ষকদের ০৪ (চার) মাস মেয়াদি ০১ (এক) ব্যাচ বুনিয়াদি প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পন্ন করেছে। বর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিসের ১০ টি ক্যাডারের ৭৩ জন অফিসারদের ০৬ (ছয়) মাস মেয়াদি ০২ (দুই) ব্যাচে এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স চলমান। বার্ষিক প্রতিবেদন ২০২১-২২ এর মাধ্যমে উল্লিখিত সাফল্য এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনার কিছু সারসংক্ষেপ তুলে ধরা হয়েছে। স্বল্প পরিসরে এবং স্বল্পসময়ে একটি প্রতিবেদনের মাধ্যমে দক্ষতার সাথে সকল কর্মকান্ডের বিবরণ লিপিবদ্ধ করার কাজে নিয়োজিত সকল অনুষদ সদস্য, কর্মচারী এবং বার্ষিক প্রতিবেদন সম্পাদনায় জড়িত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং নিরলস পরিশ্রমের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। এই প্রতিবেদনের মাধ্যমে আমাদের অংশীজনরা উপকৃত হবেন এবং নতুন নতুন দিকনির্দেশনা ও পরামর্শ দিয়ে সহযোগিতা করবেন। সকল সম্মানিত পাঠকের কাছে আমাদের ত্রুটি মার্জনা চেয়ে এই প্রকাশনার সাফল্য কামনা করছি।

নিরন্তর শুভেচ্ছা সকলের জন্য।

**মাহমুদুল হাসান**
মহাপরিচালক
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
গাজীপুর

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১. | এক নজরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) | ০১ |
| ০২. | নাটা এর অংশীজন (Stakeholders) | ০২ |
| ০৩. | নাটা এর সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) | ০২ |
| ০৪. | জনবল | ০৭ |
| ০৫. | নাটা এর সাংগঠনিক কাঠামো | ০৯ |
| ০৬. | নাটা এর ফোকাল পয়েন্টগণের তালিকা | ১০ |
| ০৭. | ২০২১-২২ অর্থবছরে গৃহীত কার্যক্রম এবং অর্জনসমূহ | ১১ |
| ০৮. | Training Calendar (2021-22) | ১২ |
| ০৯. | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক জুলাই/২০২১ - জুন/২০২২ মাসের প্রশিক্ষণ বিবরণী | ১৩ |
| ১০. | ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ২০২১ | ১৬ |
| ১১. | জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত- প্রশিক্ষণ আয়োজন | ১৭ |
| ১২. | "Emerging Issues in Precision Agriculture" শীর্ষক সেমিনার | ১৮ |
| ১৩. | "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ | ১৯ |
| ১৪. | ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২১ | ২১ |
| ১৫. | নাটায় অংশীজনদের (Stakeholder) সাথে সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন কর্মপরিকল্পনা সংক্রান্ত অবহিতকরণ সভা | ২২ |
| ১৬. | কৃষি সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম মহোদয়ের নাটায় আগমন | ২৩ |
| ১৭. | নাটায় বিসিএস কর্মকর্তাদের এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান | ২৬ |
| ১৮. | বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত সরকারি কলেজ শিক্ষকদের ১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণের শুভ উদ্বোধন | ২৭ |
| ১৯. | এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষনার্থীদের DG's Tea | ২৯ |
| ২০. | ১৭ মার্চ ২০২২ নাটায় জাতীয় শিশু দিবস উদযাপন | ৩০ |
| ২১. | বিসিএস ক্যাডার কর্মকর্তাদের এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণের ১ম মেসনাইট | ৩২ |
| ২৩. | ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী | ৩৩ |
| ২৪. | নাটায় '4IR Implementation in Agriculture: Challenges and the Way Forward' শীর্ষক সেমিনার | ৩৫ |
| ২৫. | "সরকারী কলেজ শিক্ষকদের এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ" কোর্সের সমাপনী অনুষ্ঠান | ৩৭ |
| ২৬. | শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২ | ৩৯ |
| ২৭. | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি নবনিয়োগ | ৪১ |
| ২৮. | বৃক্ষরোপণ, সঠিক পরিচর্যা ও সংরক্ষণ | ৪২ |
| ২৯. | DG's Tea, এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ৪৪ |
| ৩০. | ভ্যালিডেশন ওয়ার্কশপ | ৪৫ |
| ৩১. | বাজেটে বাস্তবায়ন পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি | ৪৭ |
| ৩২. | ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বার্ষিক (জুলাই ২০২১ - জুন ২০২২) অর্জনের প্রতিবেদন | ৫৪ |
| ৩৩. | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর অগ্রগতির প্রতিবেদন | ৫৮ |
| ৩৪. | ২০২১-২০২২ অর্থবছরে নাটা'র ই-গভর্নান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অর্জন এর টপশিট | ৬০ |
| ৩৫. | Faculty Members of NATA | ৬২ |
| ৩৬. | শব্দ সংক্ষেপ (Acronyms) | ৬৫ |

# সারসংক্ষেপ

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি দপ্তরের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে নাটা কর্তৃক ৭৫০ জন কর্মকর্তার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে মোট ১৩৯৮ জন ১ম শ্রেণির কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৩৯৮ জন কর্মকর্তার মধ্যে নাটা এর নিজস্ব/ অভ্যন্তরীণ প্রশিক্ষণে ২৬ ব্যাচে ৮৩২ জন এবং স্পন্সর্ড প্রশিক্ষণে ২১ ব্যাচে ৫৬৬ জন কর্মকর্তা রয়েছেন। এছাড়াও নাটা এর নিজস্ব ও অভ্যন্তরীণ প্রশিক্ষণের বাইরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্থায়নে ০২ (দুই) টি ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের ৭১ জন কর্মর্তার ০৬ (ছয়) মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পন্ন করা হয়েছে। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর অর্থায়নে ০১ (এক) টি ব্যাচে আত্তীকৃত কলেজসমূহের ৪০ জন কর্মকর্তার ০৪ (চার) মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পন্ন করা হয়েছে। এছাড়া নাটায় ০৩ (তিন) টি সেমিনার/কর্মশালার আয়োজন করা হয়েছে।

# এক নজরে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

### নাটা গঠনের প্রেক্ষাপট:

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), কৃষি মন্ত্রণালয়ের একমাত্র প্রশিক্ষণ একাডেমি। নাটা গঠনের পূর্বে এ প্রতিষ্ঠানটি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) এর আওতাধীন কেন্দ্রীয় সম্প্রসারণ সম্পদ উন্নয়ন ইন্সটিটিউট (সার্ডি) নামে অভিহিত ছিল। Japan International Cooperation Agency (JICA) এর অর্থায়নে সার্ডি (CERDI) প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৭৫ সালের ১৪ মার্চ। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি দপ্তর/সংস্থার মানবসম্পদ উন্নয়নের নিমিত্ত ২০১৪ সালের জুন মাসে সার্ডি বিলুপ্ত হয়ে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর কৃষি মন্ত্রণালয়ের একমাত্র প্রশিক্ষণ

### রূপকল্প (Vision)

কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনের উৎকর্ষ কেন্দ্রে (Centre of excellence) পরিনত হওয়া।

### অভিলক্ষ্য (Mission)

মানসম্মত প্রশিক্ষণ প্রদান, গবেষণা-উন্নয়ন এবং প্রকাশনার মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত সকল প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়ন। কৃষি শিক্ষা, কৃষি গবেষণা, কৃষি সম্প্রসারণ ও কৃষি সহায়ক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে মিথস্ক্রিয়া জোরদারকরণের মাধ্যমে প্রশিক্ষণ সেবার মানোন্নয়ন। প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দেশ-বিদেশের স্বনামধন্য প্রতিষ্ঠানসমূহের সাথে যোগসূত্র গড়ে তোলা এবং জ্ঞানভিত্তিক নিবিড় কৃষি সেবা উন্নয়নের জন্য অবিরাম শিখণ প্রক্রিয়ার চর্চা

### নাটার কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic objectives)

- মানবসম্পদের উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে শস্য খাতে উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধিতে অবদান রাখা; এবং
- ভৌত ও অবকাঠামোগত উন্নয়ন এবং প্রশিক্ষণ সুবিধাদি আধুনিকীকরণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন।

### প্রধান কার্যাবলি (Functions)

- কৃষি মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন;
- বাৎসরিক প্রশিক্ষণ পঞ্জিকা প্রণয়ন ও তদানুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা এবং প্রশিক্ষণ কার্যক্রমের উৎকর্ষ সাধন;
- কৃষি সেবায় দক্ষ জনবল গঠনের কার্যকর প্রয়াস হিসাবে কারিগরী ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণসহ ইনডাকশন ট্রেনিং, ফাউন্ডেশন ট্রেনিং ও সিনিয়র স্টাফ কোর্সের আয়োজন;
- টেকসই কৃষি উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, কনফারেন্স ইত্যাদির আয়োজন;
- প্রশিক্ষণকে কার্যকর ও ফলপ্রসূ করার লক্ষ্যে গবেষণা ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা;
- আধুনিক প্রশিক্ষণ একাডেমি হিসেবে সেবার মান উন্নয়নের জন্য ডরমিটরি, ট্রেনিং কমপ্লেক্স, ক্যাফেটেরিয়া, লাইব্রেরি, অডিটোরিয়াম ইত্যাদি ভৌত সুযোগ সুবিধা বৃদ্ধি;
- প্রাতিষ্ঠানিক কার্যক্রম সম্প্রসারণের জন্য দেশের অভ্যন্তরে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সাথে পারস্পরিক সম্পর্ক ও যোগসূত্র স্থাপন;
- পেশাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অনুষদ সদস্যগণকে বিদেশে এবং দেশের অভ্যন্তরে খ্যাতনামা বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণের ব্যবস্থা;
- প্রশিক্ষণকে যুগোপযোগী ও কার্যকর করার জন্য প্রচলিত প্রশিক্ষণ কোর্সসমূহের আধুনিকায়ন ও উদ্ভাবনী কোর্স সমূহ অন্তর্ভুক্তকরণ এবং কোর্স কারিকুলাম উন্নয়ন ও প্রশিক্ষণ ম্যানুয়াল/ মডিউল তৈরির ক্ষেত্রে কনসালটেন্সি সেবা প্রদান।
- গ্রন্থাগার সেবাকে আধুনিকায়ন করা।

## নাটা এর অংশীজন (Stakeholders)

**সরকারি প্রতিষ্ঠান**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (DAE)
তুলা উন্নয়ন বোর্ড (CDB)
কৃষি তথ্য সার্ভিস (AIS)
কৃষি বিপণন অধিদপ্তর (DAM)
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI)
বীজ প্রত্যয়ন এজেন্সী (SCA)

**স্বায়ত্বশাসিত সংস্থা**

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (BARC)
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (BARI)
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)
বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (BSRI)
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (BJRI)
বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (BINA)
বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (BADC)
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA)
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (BIRTAN)
বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (BWMRI)

## সেবা প্রদান প্রতিশ্রুতি (CITIZENS CHARTER)

১.ভিশন ও মিশন

**ভিশনঃ** জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিকে কৃষি ক্ষেত্রে দক্ষ জনবল গঠনে উৎকর্ষের কেন্দ্রে পরিণত করা।

মিশনঃ

মানসম্মত প্রশিক্ষণ প্রদান, গবেষণা, উন্নয়ন এবং প্রকাশনা এর মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ের অধীন সকল প্রতিষ্ঠানের মানব সম্পদের উন্নয়ন;
কৃষি শিক্ষা, কৃষি গবেষণা, কৃষি সম্প্রসারণ ও কৃষি সহায়ক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে মিথস্ক্রিয়া জোরদারকরণের মাধ্যমে প্রশিক্ষণ সেবার মানোন্নয়ন;
প্রাতিষ্ঠানিক সমতা বৃদ্ধির লক্ষ্যে দেশ-বিদেশের স্বনামধন্য প্রতিষ্ঠানসমূহের সাথে যোগসূত্র গড়ে তোলা; এবং
জ্ঞান ভিত্তিক নিবিড় কৃষি সেবা উন্নয়নের জন্য অবিরাম শিক্ষণ প্রক্রিয়ার চর্চা।

২. সেবা প্রদান প্রতিশ্রুতি ঃ

২.১) নাগরিক সেবা- প্রযোজ্য নয়

২.২) দাপ্তরিক সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১. দপ্তর সংস্থা হতে মনোনয়ন প্রাপ্তি<br>২. অনলাইন রেজিস্ট্রেশন/ম্যানুয়েল রেজিস্ট্রেশন<br>৩. প্রশিক্ষণ প্রদান | নাটা ওয়েব পোর্টাল<br>www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | ড. মোঃ মঈন উদ্দিন<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৬<br>ইমেইলঃ mayen.dae85@yahoo.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তাদের ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১. দপ্তর সংস্থা হতে মনোনয়ন প্রাপ্তি<br>২. অনলাইন রেজিস্ট্রেশন/ম্যানুয়েল রেজিস্ট্রেশন<br>৩. প্রশিক্ষণ প্রদান | নাটা ওয়েব পোর্টাল<br>www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | ড. মোঃ মঈন উদ্দিন<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৬<br>ইমেইলঃ mayen.dae85@yahoo.com |
| ৩ | বুনিয়াদি প্রশিক্ষণ, ইন্ডাকশন প্রশিক্ষণ এবং সিনিয়র স্টাফ কোর্সে প্রশিক্ষণ প্রদান | ১. দপ্তর সংস্থা হতে মনোনয়ন প্রাপ্তি<br>২. অনলাইন রেজিস্ট্রেশন/ম্যানুয়েল রেজিস্ট্রেশন<br>৩. প্রশিক্ষণ প্রদান | নাটা ওয়েব পোর্টাল<br>www.nata.gov.bd | নির্ধারিত মূল্য | বিএআরসি, বি পিএটিসি এবং ডিএই এর সংশ্লিষ্ট প্রকল্পের চাহিদা অনুসারে | ড. মোঃ মঈন উদ্দিন<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৬<br>ইমেইলঃ mayen.dae85@yahoo.com |
| ৪ | সেমিনার/ সিম্পোজিয়াম/ ওয়ার্কশপ আয়োজন | ১. দপ্তর সংস্থা হতে মনোনয়ন প্রাপ্তি<br>২. অনলাইন রেজিস্ট্রেশন/ম্যানুয়েল রেজিস্ট্রেশন<br>৩. সেমিনার/ সিম্পোজিয়াম/ ওয়ার্কশপ আয়োজন | নাটা ওয়েব পোর্টাল<br>www.nata.gov.bd | বিনামূল্যে | বার্ষিক প্রশিক্ষণ পঞ্জিকা অনুসারে | ড. মোঃ মঈন উদ্দিন<br>পরিচালক (প্রশিক্ষণ)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৬<br>ইমেইলঃ mayen.dae85@yahoo.com |
| ৫ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা (এনআইএস) প্রণয়ন ও বাস্তবায়নে সহযোগিতা প্রদান | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা'র (এনআইএস) খসড়া প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা'র (এনআইএস) ফরমেট | বিনামূল্যে | কৃষি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে | ড. মোঃ তৌফিক আরেফীন<br>উপপরিচালক<br>(প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)<br>ফোনঃ ০১৭১১-১১৬০৩২<br>ইমেইলঃ aufiquedae25 @gmail.com |
| ৬ | টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) সংক্রান্ত কার্যাবলী | (১) কৃষি মন্ত্রণালয় সংশ্লিষ্ট এসডিজি বিষয়ে প্রশিক্ষণার্থীদের অবহিতকরণ<br>(২) এসডিজি অর্জনের কার্যক্রম গ্রহণে প্রশিক্ষণার্থীদের পরামর্শ/ নির্দেশনা প্রদান | মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত বুকলেট/ প্রতিবেদন/ ছক | বিনামূল্যে | কৃষি মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে | মোহাম্মদ আলম শরীফ খান<br>উপপরিচালক<br>(কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন)<br>ফোনঃ ০১৭১২-৭২৬০৩০<br>ইমেইলঃ alamsharif243@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন পূর্বক কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির (এপিএ) খসড়া প্রণয়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির (এপিএ)-র ফরমেট | বিনামূল্যে | মন্ত্রিপরিষদ/ কৃষি মন্ত্রণালয় বিভাগ কর্তৃক নির্ধারিত সময় | মাহমুদা হক<br>সিনি: সহ: পরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন)<br>ফোনঃ ০১৭১৯১৭৪৭৭৫<br>ইমেইলঃ nilufa @yahoo.com |
| ৮ | তথ্য অধিকার আইন ২০০৯ সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | তথ্য সংরক্ষণ ও চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট ব্যক্তি/ প্রতিষ্ঠানকে তথ্য প্রদান | তথ্য অধিকার আইন অনুযায়ী ফরমেট ও আবেদনপত্র | নির্ধারিত মূল্যে | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময় | মাহমুদা হক<br>সিনি: সহ: পরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন)<br>ফোনঃ ০১৭১৯১৭৪৭৭৫<br>ইমেইলঃ nilufa @yahoo.com |
| ৯ | সামাজিক নিরাপত্তা সংক্রান্ত কার্যক্রম | কৃষি মন্ত্রণালয় কর্তৃক জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলের কর্ম পরিকল্পনা প্রস্তুতকরণ বাস্তবায়ন অগ্রগতি, কর্ম পরিকল্পনা সংক্রান্ত তথ্য প্রেরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ছক/ প্রতিবেদন | বিনামূল্যে | কৃষি মন্ত্রণালয় কর্তৃক চাহিত নির্ধারিত সময়ের মধ্যে | শামসুন নাহার<br>সিনিঃ সহঃ পরিচালক (ফিল্ড ক্রপ ডিজিজ)<br>ফোনঃ ০১৭১৭-৩৭৬১৭২<br>ইমেইলঃ shamsun27 @gmail.com |

১.১) অভ্যন্তরীণ সেবা

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | জিপিএফ অগ্রিম মঞ্জুরী | ১. আবেদনপত্র প্রাপ্তি<br>২. মঞ্জুরীপত্র জারী | জিপিএফ এর প্রত্যয়নপত্র | বিনামূল্যে | ৪ কার্য দিবস | ড. মোঃ তৌফিক আরেফীন<br>উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৭<br>ইমেইলঃ aufiquedae 25@gmail.com |
| ২ | বাসা বরাদ্দ | ১. আবেদনপত্র প্রাপ্তি<br>২. বরাদ্দপত্র জারী | আবেদনপত্র | বিনামূল্যে | বাসা খালি থাকা সাপেক্ষে ৭ কার্য দিবস | ড. মোঃ তৌফিক আরেফীন<br>উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৭<br>ইমেইলঃ aufiquedae 25@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩ | অর্জিত ছুটি, শ্রান্তি- বিনোদন ছুটি | ১. আবেদনপত্র প্রাপ্তি<br>২. পত্রজারী | ছুটি প্রাপ্যতার প্রত্যয়নপত্রসহ আবেদন (অ্যাকাউন্টস্ এ্যান্ড ফিন্যান্স অফিসের কার্যালয় ও প্রশাসন শাখা) | বিনামূল্যে | ৪ কার্য দিবস | ড. মোঃ তৌফিক আরেফীন উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৭<br>ইমেইলঃ aufiquedae 25@gmail.com |
| ৪ | পিআরএল মঞ্জুর | ১. পিআরএল এর এক মাস পূর্বে আবেদন<br>২. আদেশ জারী | বয়স প্রমাণের জন্য এসএসসি এর সনদপত্র | বিনামূল্যে | ১০ কার্য দিবস | ড. মোঃ তৌফিক আরেফীন উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৭<br>ইমেইলঃ aufiquedae 25@gmail.com |
| ৫ | পেনশন মঞ্জুর | ১. আবেদনপত্র প্রাপ্তি<br>২. মঞ্জুরীপত্র জারী | ১. নির্ধারিত পেনশন আবেদন ফরম ২<br>২. পাসপোর্ট সাইজের ছবি<br>৩. পিআরএল মঞ্জুরীর আদেশ<br>৪. প্রাপ্য পেনশনের উত্তরাধিকারী ঘোষণাপত্র<br>৫. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ<br>৬. প্রত্যাশিত শেষ বেতনের সনদ<br>৭. এসএসসির সার্টিফিকেট<br>৮. দায়িত্ব হস্তান্তরের কপি<br>৯. সরকারি বাসায় বসবাস না করার প্রত্যয়নপত্র<br>১০. অনুগত্য সনদপত্র<br>১১. নাগরিকত্ব সনদপত্র<br>১২. না-দাবী সনদপত্র মূল- (একটি)<br>১৩. অঙ্গীকারনামা<br>১৪. অডিট প্রত্যয়নপত্র<br>১৫. চাকুরি বিবরণী | বিনামূল্যে | ১০ কার্যদিবস | ড. মোঃ তৌফিক আরেফীন উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৭<br>ইমেইলঃ aufiquedae 25@gmail.com |

১. অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতিঃ Grievance Redress System(GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্টি হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন ।

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিস্পত্তির সময়সীমা |
|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | মাহমুদুল হাসান<br>মহাপরিচালক (ভারপ্রাপ্ত),<br>জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।<br>ফোনঃ ০২-৪৯২৭২১০৪<br>ইমেইলঃ dgnata14@gmail.com | ৩ মাস |
| ২. | মহাপরিচালক, নাটা, গাজীপুর সমাধান দিতে ব্যর্থ হলে | সচিব, কৃষি মন্ত্রণালয়,<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা।<br>ফোনঃ ০২-৯৫৪০১০০<br>ইমেইলঃ secterary@moa.gov.com | ১ মাস |

২. আপনার কাছে আমাদের প্রত্যাশাঃ

| ক্রমিক নং | প্রতিশ্রুত/কাঙ্খিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১. | নির্ধারিত সময়ে প্রশিক্ষণ/ সেমিনার/সিম্পোজিয়াম/ ওয়ার্কশপ এর জন্য মনোনয়ন প্রদান |
| ২. | অনলাইন রেজিস্ট্রেশন |


# জনবল

কৃষি মন্ত্রণালয়ের শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি'র বর্তমান মোট জনবল ১৮৪ জন। কর্মরত জনবলের সংখ্যা ১০৬ জন। মোট জনবলের ৭৮ টি পদ বর্তমানে শূণ্য আছে।

| Classes | Grade | Name of Post | Number of Sanctioned post | Present Manpower |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| Class-I (Cadre+Non Cadre) | 2 | Director General | 01 | 01 |
| | 3 | Director | 02 | 01 |
| | 05 | Deputy Director | 12 | 10 |
| | 05 | System Analyst | 01 | - |
| | 06 | Senior Assistant Director | 17 | 15 |
| | 06 | Programmer | 01 | - |
| | 09 | Publication Officer | 01 | 01 |
| | 09 | Medical Officer | 01 | 01 |
| | 09 | Data Analyst | 01 | - |
| | 09 | Assistant Programmer | 01 | - |
| | 09 | Librarian | 01 | 01 |
| | 09 | Assistant Maintenance Engineer | 01 | - |
| **Sub Total** | | | **40** | **29** |
| Class-II | 10 | Sub- Assistant Engineer (Mechanical) | 01 | - |
| | 10 | Physical Instructor | 01 | 01 |
| | 10 | Sub- Assistant Engineer (Printing) | 01 | - |
| | 10 | Nurse | 02 | - |
| | 10 | Administrative Officer | 01 | - |
| | 10 | Demonstrator (Lab) | 07 | 04 |
| | 10 | Sub-Assistant Agriculture Officer (Field) | 01 | 01 |
| **Sub Total** | | | **14** | **06** |
| Class-III | 11 | Printing Machine Operator | 01 | 01 |
| | 12 | Cataloguer | 01 | - |
| | 13 | Draftsman | 01 | 01 |
| | 13 | PA (Steno) | 01 | - |
| | 13 | PA | 01 | - |
| | 13 | Accountant | 01 | 01 |
| | 13 | Photographer | 01 | - |
| | 13 | Senior Mechanic | 01 | 01 |
| | 14 | Audio Visual Operator | 01 | 01 |

| | | | | |
|---|---|---|---|---|
| | 14 | Receptionist | 01 | 01 |
| | 14 | Library Assistant | 01 | 01 |
| | 16 | Assistant Printing Machine Operator | 01 | 01 |
| | 16 | Nazir-cum-Cashier | 01 | 01 |
| | 16 | Data entry Operator | 20 | 06 |
| | 16 | Mechanic | 02 | 01 |
| | 16 | Store keeper | 01 | 01 |
| | 16 | Caretaker | 01 | 01 |
| | 16 | Food Processing Technician | 01 | 01 |
| | 16 | Driver | 06 | 05 |
| | - | Driver (Out Sourcing) | 05 | 01 |
| | 16 | Plumber | 01 | 01 |
| | - | Electrician (Out Sourcing) | 01 | 01 |
| | 16 | Head Cook | 01 | 01 |
| **Sub total** | | | **52** | **28** |
| | 17 | Irrigation Pump Operator | 01 | - |
| | 18 | Attendant | 13 | 02 |
| | 20 | Office Assistant | 16 | 12 |
| | - | Cleaner (Out Sourcing) | 12 | 12 |
| | - | Attendant (Out Sourcing) | 12 | 12 |
| Class-IV | 20 | Gardener/Mali | 04 | 04 |
| | 20 | Farm Worker | 08 | 08 |
| | 20 | Farm Worker (Out Sourcing) | 07 | 07 |
| | 20 | Security Guard | 03 | 03 |
| | - | Security Guard (Out Sourcing) | 02 | 02 |
| **Sub Total** | | | **78** | **62** |
| **Grand Total (I+II+III+IV)** | | | **184** | **125** |

# নাটা এর সাংগঠনিক কাঠামো




| জনবলের সংক্ষিপ্তসার | | | |
|---|---|---|---|
| ক্রমিক নং | পদবী | গ্রেড | পদ সংখ্যা |
| ১ | [illegible] | [illegible] | [illegible] |
| ২ | [illegible] | [illegible] | [illegible] |
| ৩ | [illegible] | [illegible] | [illegible] |
| ৪ | [illegible] | [illegible] | [illegible] |
| ৫ | [illegible] | [illegible] | [illegible] |
| ৬ | [illegible] | [illegible] | [illegible] |
| ৭ | [illegible] | [illegible] | [illegible] |
| ৮ | [illegible] | [illegible] | [illegible] |
| ৯ | [illegible] | [illegible] | [illegible] |
| ১০ | [illegible] | [illegible] | [illegible] |
| ১১ | [illegible] | [illegible] | [illegible] |
| | [illegible] | | [illegible] |
| [illegible] | [illegible] | | [illegible] |
| [illegible] | [illegible] | | [illegible] |
| [illegible] | [illegible] | | [illegible] |
| [illegible] | [illegible] | | [illegible] |
| | মোট জনবল | | [illegible] |

# নাটা এর ফোকাল পয়েন্টগণের তালিকা

| ক্রমিক নং- | বিষয় | ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম ও পদবী | টেলিফোন/ মোবাইল ও ই-মেইল |
|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষণ | ড. মোঃ মঈন উদ্দিন<br>পরিচালক প্রশিক্ষণ | ০১৭১১-৯৬৯৬৮৮<br>mayen.dae85@yahoo.com |
| ০২ | ক) সমন্বয় সভা<br>খ) অভিযোগ প্রতিকার ব্যবস্থা | ড. মোঃ তৌফিক আরেফীন<br>উপপরিচালক<br>(প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) | ০১৭১১-১১৬০৩২<br>taufiquedae25@gmail.com |
| ০৩ | মামলা বিষয়ক | মোহাম্মদ আলম শরীফ খান<br>উপপরিচালক<br>(কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন) | ০১৭১২-৭২৬০৩০<br>alamsharif243@gmail.com |
| ০৪ | ক) জাতীয় শুদ্ধাচার কৌশল<br>খ) টেকসই উন্নয়ন অভিষ্ট<br>গ) আইসিটি ও ইনোভেশন | ড. মোঃ তৌফিক আরেফীন<br>উপপরিচালক<br>(প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) | ০১৭১১-১১৬০৩২<br>taufiquedae25@gmail.com |
| ০৫ | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি<br>খ) পরিকল্পনা ও বাজেট<br>গ) তথ্য অধিকার আইন | মাহমুদা হক<br>সিনিয়র সহকারী পরিচালক<br>(কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন) | ০১৭১৮-৪২৫০১১<br>mahmudahuq15@gmail.com |
| ০৬ | ক) প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহ বাস্তবায়ন<br>খ) জাতীয় সংসদ বিষয়ক কার্যক্রম | আবু জাফর মোহাম্মদ মঈন উদ্দিন<br>উপপরিচালক<br>(ফুড টেকনোলজি) | ০১৯১১-৭২৩০০০<br>kawsermoin@gmail.com |
| ০৭ | ক) পরিসংখ্যানগত তথ্য উপাত্ত প্রাপ্তির | মাহমুদা হক<br>সিনিয়র সহকারী পরিচালক<br>(কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন) | ০১৭১৮-৪২৫০১১<br>mahmudahuq15@gmail.com |
| ০৮ | সাংগঠনিক কাঠামো হালনাগাদ ও অনুমোদন ত্বরান্বিত করা | ড. মোঃ তৌফিক আরেফীন<br>উপপরিচালক<br>(প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) | ০১৭১১-১১৬০৩২<br>taufiquedae25@gmail.com |

## ২০২১-২২ অর্থবছরে গৃহীত কার্যক্রম এবং অর্জনসমূহ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাচ্ছে। অন্যান্য বছরের মত ২০২১-২২ অর্থবছরে একাডেমির মূল কাজ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের আয়োজন করেছে। ব্যবস্থাপনা ও কারিগরী বিষয়ে এ অর্থবছরে নাটা এর বাজেটে ২১টি ব্যাচে ৬৪৬ জন ১ম শ্রেণীর কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়াও ফাউন্ডেশন ট্রেইনিংসহ অন্যান্য স্পন্সর্ড ট্রেইনিং আয়োজন করা হয়েছে। নাটার বিগত ৮ বছরের প্রশিক্ষণ কার্যক্রম নিম্নে প্রদত্ত হল-

### Training activities for the last 8 fiscal years (2014-2015 to 2021-22)

| Year | Training | | | | | | | | | | | Seminar, Workshop | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Target | Achievement | | | | | | | | | | Target | Achievement | |
| | | Academic | | Sponsored | | Foundation Training | | Induction Training (BIRTAN) | | Total | | | | |
| | Participants | Batch | Participants | Batch | Participants | Batch | Participants | Batch | Participants | Batch | Participants | No. | No. | Participants |
| 2014-2015 | 120 | 3 | 120 | 0 | 0 | 0 | 0 | - | - | 3 | 120 | 1 | 1 | 95 |
| 2015-2016 | 450 | 15 | 450 | 0 | 0 | 2 | 72 | - | - | 17 | 522 | 3 | 4 | 320 |
| 2016-2017 | 510 | 18 | 532 | 9 | 232 | 0 | 0 | - | - | 27 | 764 | 2 | 4 | 217 |
| 2017-2018 | 600 | 25 | 725 | 23 | 580 | - | - | 1 | 23 | 49 | 1328 | 3 | 4 | 282 |
| 2018-2019 | 690 | 23 | 830 | 15 | 384 | 2 | 80 | - | - | 40 | 1294 | 3 | 3 | 240 |
| 2019-2020 | 750 | 23 | 697 | 20 | 470 | 1 | 40 | - | - | 44 | 1207 | 2 | 2 | 165 |
| 2020-2021 | 750 | 21 | 646 | 16 | 412 | 1 | 37 | - | - | 38 | 1095 | 3 | 4 | 264 |
| 2021-2022 | 750 | 26 | 832 | 21 | 566 | 2 | 111 | - | - | 49 | 1509 | 2 | 3 | 180 |
| **Total** | **4620** | **154** | **4832** | **104** | **2644** | **8** | **340** | **1** | **23** | **267** | **7839** | **19** | **25** | **1763** |

# National Agriculture Training Academy (NATA), Gazipur

## Training Calendar (2021-22)

### (No. of Batch 23 & No. of Participants 33 /batch)

| Sl. No | Title of the Course | Days | No. of batch | Jul/ 21 | Aug/ 21 | Sept/ 21 | Oct/ 21 | Nov/ 21 | Dec/ 21 | Jan/ 22 | Feb/ 22 | Mar/ 22 | Apr /22 | May/ 22 | Jun/ 22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | Integrated water resource management in Agriculture | 5 | 1 | | | 12-16 | | | | | | | | | |
| 2 | Project Appraisal and Formulation of DPP | 10 | 1 | | | 12-21 | | | | | | | | | |
| 3 | Public Procurement Procedure | 10 | 2 | | | 19-28 | | | | 02-11 | | | | | |
| 4 | TOT on Teaching Methods/ Techniques | 5 | 1 | | | 26-30 | | | | | | | | | |
| 5 | Value Chain Management of Commercially Important Hort. Crops | 5 | 1 | | | | 03-07 | | | | | | | | |
| 6 | Disaster Management through Smart Agriculture | 5 | 1 | | | | 03-07 | | | | | | | | |
| 7 | Food Processing and Preservation Techniques | 5 | 1 | | | | 10-14 | | | | | | | | |
| 8 | Innovation in Public Service | 5 | 1 | | | | 10-14 | | | | | | | | |
| 9 | Advanced ICT | 15 | 1 | | | | 24 Oct- 07 Nov | | | | | | | | |
| 10 | Eco-Friendly Plant Protection Techniques | 10 | 1 | | | | 24 Oct- 02 Nov | | | | | | | | |
| 11 | Rules & Regulations for Organizational Management | 5 | 1 | | | | | 7-11 | | | | | | | |
| 12 | Industrial Revolution 4.0 in Agriculture | 10 | 1 | | | | | 14-23 | | | | | | | |
| 13 | Modern Farm Mechanization | 5 | 1 | | | | | 14-18 | | | | | | | |
| 14 | Soil Health Management | 5 | 1 | | | | | 21-25 | | | | | | | |
| 15 | Seed Technology | 10 | 1 | | | | | 28 Nov-07 Dec | | | | | | | |
| 16 | Food Security& Food safety | 5 | 1 | | | | | 28 Nov-02 Dec | | | | | | | |
| 17 | Good Agricultural Practices (GAP) | 5 | 1 | | | | | | 5-9 | | | | | | |
| 18 | Modern Office Management | 5 | 1 | | | | | | 19-23 | | | | | | |
| 19 | Commercial Farm Management | 5 | 1 | | | | | | 19-23 | | | | | | |
| 20 | Human Resource Management | 5 | 1 | | | | | | 26-30 | | | | | | |
| 21 | Good Governance | 5 | 1 | | | | | | 26-30 | | | | | | |
| 22 | Public Financial Management | 5 | 1 | | | | | | | 02-06 | | | | | |
| 23 | Workshop/Seminar | 1 | 3 | | | 1 | | 1 | | 1 | | | | | |

**1. No. of batch and days of the course are subject to change.**

**2. Course Schedule may be change due to Covid-19 situation.**

# জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক জুলাই/২০২১ - জুন/২০২২ মাসের প্রশিক্ষণ বিবরণী

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭ টি দপ্তর/সংস্থার মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে ২০২১-২২ অর্থবছরে নাটা কর্তৃক ৭৫০ জন কর্মকর্তার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রার বিপরীতে মোট ১৩৯৮ জন ১ম শ্রেণির কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ১৩৯৮ জনের মধ্যে নাটা এর নিজস্ব/ অভ্যন্তরীণ প্রশিক্ষণে ২৬টি ব্যাচে ৮৩২ জন এবং স্পনসরড প্রশিক্ষণে ২১ ব্যাচে ৫৬৬ জন কর্মকর্তা রয়েছেন। ৮৩২ জনের মধ্যে আধুনিক প্রযুক্তি বিষয়ে ৩৮৯ জন এবং আধুনিক ব্যবস্থাপনা বিষয়ে ৪৪৩ জন ১ম শ্রেণির কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় এর অর্থায়নে ২টি ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের ৭১ জন কর্মকর্তার ৬ (ছয়) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর অর্থায়নে ১টি ব্যাচে আত্তীকৃত কলেজ সমূহের ৪০ জন কর্মকর্তার ৪ (চার) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে।

## Technology Related Training

| ক্র.নং | প্রশিক্ষণ কোর্সের নাম | কোর্স অর্ডিনেটর এবং সহকারী কোর্স অর্ডিনেটর | দিন | তারিখ | পুরুষ | নারী | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| 1. | Integrated Water Resource Management in Agriculture | মোঃ রফিকুল ইসলাম<br>বনানী কর্মকার<br>মৌসুমী পাল | | ১২-১৬ সেপ্টেম্বর/ ২০২১ | 18 | 5 | 33 |
| 2. | Eco-friendly Plant Protection Techniques | ড. মোঃ জামাল উদ্দিন<br>মোঃ সাইফুল ইসলাম<br>মোঃ শাহীনুল ইসলাম | | ১৯-২৮ সেপ্টেম্বর/ ২০২১ | 29 | 5 | 34 |
| 3. | ToT on Teaching Methods & Techniques | আবুল কালাম আজাদ<br>নাঈমা সুলতানা<br>শারমিন সুলতানা | | ২৬-৩০ সেপ্টেম্বর/ ২০২১ | 16 | 13 | 29 |
| 4. | Innovation In Public Service | মোঃ সাইফুল ইসলাম<br>উম্মে হাবিবা<br>শারমিন সুলতানা | | ১০-০৪ সেপ্টেম্বর/ ২০২১ | 27 | 8 | 35 |
| 5. | Food Processing and Preservation Techniques | ড. মোঃ মঈন উদ্দিন<br>লায়লাতুল রোকসানা লিমা<br>তৌফিকুন নাহার | | ১০-১৪ সেপ্টেম্বর/ ২০২১ | 25 | 8 | 33 |
| 6. | Soil Health Management | মোহাম্মদ আব্দুল হামিদ<br>বনানী কর্মকার<br>লায়লাতুল রোকসানা লিমা | | ২১-২৫ নভেম্বর ২০২১ | 20 | 10 | 30 |
| 7. | Seed Technology | মো: ইসকান্দার হোসেন<br>মোঃ আকলিমুজ্জামান<br>মৌসুমী পাল | | ২৮ নভেম্বর ০২ডিসেম্বর ২০২১ | 24 | 10 | 34 |
| 8. | Food Security & Food safety | মোহাম্মদ আব্দুল হামিদ<br>বনানী কর্মকার<br>তৌফিকুন নাহার | 05 | ২৮ নভেম্বর- ০৭ ডিসেম্বর/ ২০২১ | 20 | 12 | 32 |
| 9. | Good Agricultural Practices (GAP) | মোঃ শরিফ ইকবাল<br>উম্মে হাবিবা<br>শামীমা আক্তার | 05 | ০৫-০৯ ডিসেম্বর/ ২০২১ | 26 | 5 | 31 |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 10. | Industrial Revolution 4.0 in Agriculture | ড. মোঃ তৌফিক আরেফীন<br>মোঃ আকলিমুজ্জামান<br>মৌসুমী পাল | 10 | ১৯-২৮ ডিসেম্বর/ ২০২১ | 28 | 5 | 33 |
| 11. | Modern Farm Mechanization | আবুল কালাম আজাদ<br>মোঃ আনোয়ারুল ইসলাম<br>জুয়েল, তাহমিনা সুলতানা | 05 | ০২-০৬ জানুয়ারী/ ২০২২ | 27 | 5 | 32 |
| 12 | Advanced ICT | আবুল কালাম আজাদ<br>নাঈমা সুলতানা<br>মোঃ আনোয়ারুল ইসলাম জুয়েল | 15 | ৯-২৩ জানুয়ারী/ ২০২২ | 23 | 10 | 33 |
| | | | | মোট: | 294 | 95 | 389 |

## Management Related Training

| ক্র.নং | প্রশিক্ষণ কোর্সের নাম | কোর্স অর্ডিনেটর এবং সহকারী কোর্স অর্ডিনেটর | দিন | তারিখ | পুরুষ | নারী | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| 13. | Disaster Management through Climate Smart Agriculture | মোছাঃ শারমীন আক্তার<br>শামীমা আক্তার<br>মোঃ শাহীনুল ইসলাম | 05 | ১২-১৬ সেপ্টেম্বর/ ২০২১ | 26 | 5 | 31 |
| 14. | Project Appraisal and Formulation of DPP | মোঃ তাহাজুল ইসলাম<br>মোঃ আনোয়ারুল ইসলাম<br>জুয়েল, উম্মে হাবিবা | 10 | ১৯-২৮ সেপ্টেম্বর/ ২০২১ | 26 | 7 | 33 |
| 15. | Public Procurement Procedure (Batch-01) | মোঃ তাহাজুল ইসলাম<br>তৌফিকুন নাহার<br>মোঃ শাহীনুল ইসলাম | 10 | ২৬-৩০ সেপ্টেম্বর/ ২০২১ | 26 | 7 | 33 |
| 16. | Value Chain Management of Economically Important Horticulture Crops | আবুল কালাম আজাদ<br>মোঃ শরীফ ইকবাল<br>উম্মে হাবিবা | 05 | ০৩-০৭ অক্টোবর/ ২০২১ | 24 | 4 | 28 |
| 17. | Rules & Regulations for Organizational Management | মোছাঃ শারমীন আক্তার<br>উম্মে হাবিবা,<br>শামীমা আক্তার | 05 | ০৭- ১১ নভেম্বর/ ২০২১ | 26 | 5 | 31 |
| 18. | Public Procurement Procedure (Batch-02) | মোঃ তাহাজুল ইসলাম<br>তৌফিকুননাহার,<br>মোঃশাহীনুলইসলাম | 10 | ১৪-২৩ নভেম্বর/ ২০২১ | 24 | 6 | 34 |
| 19. | Modern Office Management (1st Batch) | মোহাম্মদ ওমর ফারুক<br>লায়লাতুল রোকসানা লিমা,<br>শারমিন সুলতানা | 05 | ১৯-২৩ ডিসেম্বর/ ২০২১ | 23 | 10 | 33 |
| 20. | Good Governance | ড. মোঃ জামাল উদ্দিন<br>শামসুন নাহার,<br>লায়লাতুল রোকসানা লিমা | 05 | ২৬-৩০ ডিসেম্বর/ ২০২১ | 28 | 6 | 34 |
| 21. | Human Resource Management | মোহাম্মদ ওমর ফারুক<br>মাহমুদা হক,<br>শারমিন সুলতানা | 05 | ০২-০৬ জানুয়ারী/ ২০২২ | 27 | 5 | 32 |
| 22. | Public Financial Management (1st a) | মাহমুদা হক<br>শামসুন নাহার<br>শাহীনুল ইসলাম | 05 | ৯-১৩ জানুয়ারী/ ২০২২ | 28 | 6 | 34 |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| 23. | Modern Office Management (2nd Batch) | মোহাম্মদ ওমর ফারুক<br>ড. মুহাম্মদ শাহালৎ হোসাইন সিদ্দিকী, মৌসুমীপাল | 05 | ০৬-১০ ফেব্রুয়ারি/ ২০২২ | 27 | 3 | 30 |
| 24. | Commercial Farm Management | মোঃ ইসকান্দার হোসেন<br>শামসুন নাহার,<br>মোঃ আকলিমুজ্জামান | 05 | ০৬-১০ ফেব্রুয়ারি/ ২০২২ | 26 | 7 | 33 |
| 25. | Public Financial Management (2nd Batch) | মোহাম্মদ আলম শরীফ খান<br>শামীমা আক্তার<br>তাহমিনা সুলতানা | 05 | ১৩-১৭ ফেব্রুয়ারি/ ২০২২ | 21 | 9 | 30 |
| 26. | NATA Library Automation | মোহাম্মদ আলম শরীফ খান<br>লুপু রহমান | 01 | ২৪ মে/ ২০২২ | 14 | 13 | 27 |
| | | | | উপমোট | 350 | 93 | 443 |
| | | | | মোট | 644 | 188 | 832 |



২০২১- ২০২২ অর্থবছরের জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর ইনহাউজ প্রশিক্ষণে বক্তব্য প্রদান করছেন প্রতিষ্ঠানের মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান



২০২১- ২০২২ অর্থবছরের জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর রাজস্ব বাজেটের প্রশিক্ষণ

# ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ২০২১

বাঙালির শোকের মাস আগস্ট। শোকাবহ ১৫ আগস্ট, জাতীয় শোক দিবস। ১৫ আগস্ট ১৯৭৫ এ বাংলাদেশের স্বাধীনতা ও গণতন্ত্র কুক্ষিগত করে রাতের অন্ধকারে একদল হায়েনা রুপী ও বিপথগামী সেনা সদস্য ঝাঁপিয়ে পড়লো ধানমন্ডি ৩২ নম্বর সড়কের বাড়ির উপর। কালক্ষেপণ না করে তারা নির্মমভাবে হত্যা করল জাতির জনককে। সে রাতে তারা হত্যা করেছিল বঙ্গবন্ধুর পরিবার ও আত্মীয়-পরিজন সহ মোট ১৬ জন কে। এর মধ্যে রয়েছে বঙ্গবন্ধুর শিশু পুত্র ১০ বছরের রাসেল ছাড়াও আরো ০৩ টি শিশু। এমন নৃশংস হত্যাকান্ডে জাতি বিস্ময়ে বিমূঢ় ও শোকে স্তব্ধ হয়ে গেল। সারা বিশ্ব জ্ঞাপন করল চরম ঘৃণা। স্বাধীন বাংলাদেশের স্থপতি, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে সকালে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে শুরু হয় জাতীয় শোক দিবসের কর্মসূচি। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে রাষ্ট্রীয় কার্যক্রমের অংশ হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন করা হয়। শ্রদ্ধা নিবেদন শেষে ১৫ আগস্ট উপলক্ষে উক্ত একাডেমির ১নং ক্লাশ রুমে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির সম্মানিত মহাপরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ মাহবুব আলম, আরও উপস্থিত ছিলেন উক্ত একাডেমির সম্মানিত পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাহমুদ হাসান এবং উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) মোহাম্মদ মাহমুদুল হাসান। অনুষ্ঠানে প্রথম মূখ্য আলোচক হিসেবে বঙ্গবন্ধুর কৃষি ভাবনা বিষয়ক বক্তব্য উপস্থাপন করেন ড. মোঃ সাইদুর রহমান, উপপরিচালক (হর্টিকালচার) এবং দ্বিতীয় মূখ্য আলোচক হিসেবে বঙ্গবন্ধুর আত্মজীবনী নিয়ে বক্তব্য উপস্থাপন করেন লায়লাতুল রোকসানা লিমা, সিনিয়র সহকারী পরিচালক (সয়েল কেমেস্ট্রি ও মাইক্রোবায়োলজি) নাটা। এরপর মূখ্য আলোচকদের আলোচনার উপর বক্তব্য উপস্থাপন করেন মাহমুদা হক, সিনিয়র সহকারী পরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন) এবং ড. মোঃ মঈন উদ্দীন, উপপরিচালক (ফুড টেকনোলজি), নাটা। আলোচনা সভায় নাটার সকল কর্মকর্তা, কর্মচারীগণ অংশগ্রহণ করেন। আলোচনা শেষে বাদ যোহর একাডেমির জামে মসজিদে ১৫ই আগস্ট শাহাদাত বরণ করা বঙ্গবন্ধু পরিবারসহ তাদের আত্মীয় পরিজনবর্গের আত্মার মাগফিরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত করা হয়।



১৫ আগষ্ট ২০২১ এ নাটা চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করছেন নাটার তৎকালীন মহাপরিচালক, পরিচালক (প্রশিক্ষণ), পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)

# জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত- প্রশিক্ষণ আয়োজন

নাটার জাতীয় শুদ্ধাচার কৌশল (কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২) এর কার্যক্রম ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন এর লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত কর্মকর্তাগণের প্রশিক্ষণ বিগত ৯ সেপ্টেম্বর/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ উদ্বোধন করেন নাটার পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ মাহমুদ হাসান। এছাড়া ও উপস্থিত ছিলেন এনআইএস ফোকাল পয়েন্ট, জনাব আবুল কালাম আজাদ, উপপরিচালক (কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ অর্থনীতি) ও বিকল্প ফোকাল পয়েন্ট, জনাব নাঈমা সুলতানা, সিনিয়র সহকারী পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)। চলতি বছর কার্যক্রম ১.৪ এর আওতায় দুই ব্যাচ প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত প্রশিক্ষণে যে সকল বিষয় নিয়ে আলোচনা করা হয় সেগুলো হল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর পটভূমি, ধরণ: জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর নিয়োগবিধি, আইন এবং অর্গানোগ্রাম ,চাকুরী ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা, শুদ্ধাচার কৌশল, কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন এবং শুদ্ধাচার পুরস্কার, উন্নত কর্ম পরিবেশ নিশ্চিত করতে সরকারি অফিসে এটিকেট/ শিষ্টাচার ও ম্যানারের ভূমিকা। প্রশিক্ষণে অংশগ্রহণ করেন নাটার ১০ম থেকে ২০ তম গ্রেডের সকল কর্মচারীবৃন্দ।




নাটায় দিনব্যাপী এনআইএস (NIS) সংক্রান্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীবৃন্দ

# "Emerging Issues in Precision Agriculture" শীর্ষক সেমিনার

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এ ১৬ নভেম্বর ২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয় Emerging Issues in Precision Agriculture (ইমার্জিং ইস্যুস ইন প্রিসিশন এগ্রিকালচার) বিষয়ক দিনব্যাপী সেমিনার। এ যুগোপযোগী সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ব বিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. হাসান মোহাম্মদ আবদুল্লাহ। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের দায়িত্বে নিয়োজিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব ওয়াহিদা আক্তার। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর তৎকালীন মহাপরিচালক ড. এ কে এম নাজমুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে নতুন একটি বিষয়ে সুন্দর একটি সেমিনার আয়োজন করায় নাটা কর্তৃপক্ষ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, নাটাকে আমরা এপেক্স ট্রেইনিং একাডেমি হিসেবে গড়ে তুলতে চাই। নতুন নেতৃত্বে নাটার কার্যক্রম আরো বেগবান হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। কৃষিতে এগিয়ে যেতে হলে আমাদের প্রিসিশন এগ্রিকালচারে এগিয়ে যেতে হবে। সে লক্ষ্যে কাজ করার জন্য তিনি কৃষি সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। মূল প্রবন্ধ উপস্থাপক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. হাসান মোহাম্মদ আবদুল্লাহ Precision Agriculture এর ধারণা, কম্পোনেন্ট, সম্ভাব্য বাধাসমূহ, উত্তরণের উপায়সমূহ, চলমান কার্যক্রম এবং বিভিন্ন কেস স্টাডি আলোচনার মাধ্যমে এ বিষয়ে সম্যক ধারণা প্রদান করেন। মূল প্রবন্ধের উপর আলোচনা করেন Frelance International Consultant ড. মঈন উস সালাম, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ রফিকুল ইসলাম এবং বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের Principal Investigator ড. মোঃ নাজিম উদ্দিন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)-র তৎকালীন পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাহমুদ হাসান।



"Emerging Issues in Precision Agriculture" শীর্ষক সেমিনারে বক্তব্য রাখছেন অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়

সভাপতি হিসেবে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর তৎকালীন মহাপরিচালক ড. এ কে এম নাজমুল হক সেমিনারটিকে অর্থবহ করে তোলার জন্য উপস্থিত সকলকে আন্তরিক অভিবাদন জানান এবং ভবিষ্যতে নাটা'তে এ জাতীয় সেমিনার আয়োজনের জন্য কৃষি মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠানসমূহের প্রতি উদাত্ত আহবান জানিয়ে অনুষ্ঠানটির সমাপ্তি ঘোষনা করেন। সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠান ও বিভিন্ন কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ এবং নাটার অনুষদবর্গ অংশগ্রহণ করেন। সকলের অংশগ্রহণে একটি সফল সেমিনার আয়োজন সম্ভব হয়েছে।

## "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ

একুশ শতকের চ্যালেঞ্জ ও বর্তমান পরিবর্তিত জলবায়ু পরিস্থিতি মোকাবেলা, দক্ষ, আধুনিক ও বিজ্ঞানমনস্ক কর্মকর্তা বির্নিমাণে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭টি প্রতিষ্ঠানের নবম ও তদুর্ধ্ব কর্মকর্তাগণের সময়োপযোগী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করে আসছে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)। তারই ধারাবাহিকতায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের কর্মকর্তাগণের ২ দিন ব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের অর্থায়নে মোট আটটি ব্যাচে ২৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহন করেন। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর তৎকালীন মহাপরিচালক জনাব ড. এ কে এম নাজমুল হক, প্রধান অতিথি ছিলেন প্রকল্প পরিচালক জনাব বেনজীর আহমেদ ও বিশেষ অতিথি ছিলেন জনাব মাহমুদ হাসান, পরিচালক (প্রশিক্ষণ), নাটা। কোর্সটিতে রিসোর্স স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আইয়ুব হোসেন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. নুরুল আমিন, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. এরশাদ আলী ও বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব ড. দুররুল হুদা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা মো. সুমন মিয়া। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রকল্প পরিচালক বলেন, কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের মাধ্যমে অঞ্চল ভেদে ৫০-৭০ শতাংশ ভর্তুকিতে কৃষকদের কৃষি যন্ত্র দেয়া হচ্ছে। এসব যন্ত্রপাতির মধ্যে রয়েছে কমবাইন্ড হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, ধান মাড়াই মেশিন, পাওয়ার থ্রেশার, ড্রায়ার, পাওয়ার উইডার, পটেটো ডিগার, মেইজ শেলার ইত্যাদি। সারাবিশ্বে এটি একটি বিরল ঘটনা। এ প্রকল্পের মাধ্যমে কৃষিতে নতুন অধ্যায় সূচিত হচ্ছে। এ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো কৃষিকে বাণিজ্যিকভাবে অধিকতর লাভজনক ও বাণিজ্যিকভাবে টেকসই করে ফসল উৎপাদন বৃদ্ধি করা। তাছাড়া ঃ

- ❑ আধুনিক কৃষি যন্ত্রপাতির সরবরাহ ও ব্যবহার বৃদ্ধি করে ফসলের ১০-১৫% অপচয় রোধ এবং ৫০% চাষাবাদ সময় ও ২০% অর্থ সাশ্রয়;
- ❑ সমন্বিতভাবে সমজাতীয় ফসল আবাদ করে কৃষি যন্ত্রপাতির ৫০% কর্মদক্ষতা বৃদ্ধি করা;
- ❑ কৃষি উৎপাদন ব্যয় হ্রাসকরণ এবং ফসলের উৎপাদনশীলতা বৃদ্ধি করা;
- ❑ যান্ত্রিকীকরণের মাধ্যমে পোস্ট হারভেস্ট ব্যবস্থাপনায় নারীদের অংশগ্রহন বৃদ্ধি করা;
- ❑ ফসল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দারিদ্রতা হ্রাসকরণ;

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর তৎকালীন মহাপরিচালক জনাব ড. এ কে এম নাজমুল হক তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশের শতকরা ৭০-৮০ ভাগ মানুষ প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। কৃষির সঙ্গে খাদ্য জড়িত, আর খাদ্যের সঙ্গে জীবন। এই জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে হলে সনাতন চাষ পদ্ধতি থেকে বের হয়ে প্রযুক্তি নির্ভর কৃষি ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। দেশে ফসলের মৌসুমে কৃষি শ্রমিকের ঘাটতি দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে প্রযুক্তি নির্ভর কৃষি এবং যন্ত্রে দক্ষ কৃষক গড়ে তোলা ব্যতীত খাদ্য নিরাপত্তা ও বাণিজ্যিক কৃষির লক্ষ্যমাত্রা অর্জন কখনোই সম্ভব ন য়।

কোর্সটিতে কোর্স সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন ড. মো. জামাল উদ্দীন (উপপরিচালক) নাটা, মো. শরিফ ইকবাল (সিনিয়র সহকারী পরিচালক), নাটা ও শামসুন নাহার (সিনিয়র সহকারী পরিচালক), নাটা। কোর্স উপদেষ্টা জনাব মাহমুদ হাসান, পরিচালক (প্রশিক্ষণ), নাটা মহোদয়ের আন্তরিক সহযোগিতা এবং কোর্স সমন্বয়কারীগণের কঠোর পরিশ্রমে প্রশিক্ষণটি সফলভাবে সম্পন্ন হয়েছে।

| ক্র. নং | কোর্সের নাম | কোর্স সমন্বয়কারীর নাম ও পদবী | ব্যাচ | প্রশিক্ষণের মেয়াদ | সময়কাল | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ | ১. ড. মো. জামাল উদ্দীন (উপপরিচালক)<br>২. মো. শরিফ ইকবাল (সিনিয়র সহকারী পরিচালক) | ২টি | ২ দিন | ১৪-১৫ নভেম্বর | ৬০ জন |
| ২ | "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ | ১. ড. মো. জামাল উদ্দীন (উপপরিচালক)<br>২. মো. শরিফ ইকবাল (সিনিয়র সহকারী পরিচালক) | ২টি | ২ দিন | ১৭-১৮ নভেম্বর | ৬০ জন |
| ৩ | "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ | ১. মো. শরিফ ইকবাল (সিনিয়র সহকারী পরিচালক)<br>২. শামসুন নাহার (সিনিয়র সহকারী পরিচালক) | ২টি | ২ দিন | ২১-২২ নভেম্বর | ৬০ জন |
| ৪ | "সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ | ১. মো. শরিফ ইকবাল (সিনিয়র সহকারী পরিচালক)<br>২. শামসুন নাহার (সিনিয়র সহকারী পরিচালক) | ২টি | ২ দিন | ২৩-২৪ নভেম্বর | ৬০ জন |

# ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২১

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, বীরের জাতি হিসেবে আত্মপ্রকাশ করার দিন, পৃথিবীর মানচিত্রে লাল সবুজের পতাকার স্থান পাওয়ার দিন, বাংলাদেশ নামে একটি স্বাধীন ভূখন্ডের নাম জানান দেওয়ার দিন। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী। সব মিলিয়ে এবারের বিজয়ের আয়োজনে ভিন্নমাত্রা যোগ হয়েছে। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে যথাযথ মর্যাদার সাথে রাষ্ট্রীয় কার্যক্রমের অংশ হিসেবে ৫১ তম মহান বিজয় দিবস ২০২১ পালন করা হয়। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে শুরু হয় মহান বিজয় দিবসের কর্মসূচি। শ্রদ্ধা নিবেদন শেষে ১৬ ডিসেম্বর উপলক্ষ্যে দুপুরে অডিটোরিয়ামে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয় । আলোচনা অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সম্মানিত পরিচালক (প্রশাসন) মাহমুদুল হাসান মহোদয়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তৎকালীন মহাপরিচালক (ভারপ্রাপ্ত) ড. একে এম নাজমুল হক মহোদয়। অনুষ্ঠানে মূল আলোচক হিসেবে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টি বিষয়ক বক্তব্য উপস্থাপন করেন শারমিন সুলতানা, সিনিয়র সহকারী পরিচালক (হর্টিকালচার ক্রপ পেষ্ট), নাটা। মূল আলোচকের বক্তব্য শেষে মূল আলোচকের আলোচনার উপর বক্তব্য উপস্থাপন করেন ড. মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব), নাটা এবং আবু সৈয়দ মোঃ জোবায়দুল আলম, উপপরিচালক (কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন), নাটা। আলোচনা সভায় নাটার সকল কর্মকর্তা, কর্মচারীগণ অংশগ্রহন করেন। আলোচনা শেষে বাদ যোহর একাডেমির জামে মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত করা হয় ।



১৬ই ডিসেম্বরে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ



১৬ ডিসেম্বর বিজয় দিবস উপলক্ষ্যে পুরস্কার বিতরণ অনুষ্ঠান

# নাটায় অংশীজনদের (Stakeholder) সাথে সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ন কর্মপরিকল্পনা সংক্রান্ত অবহিতকরণ সভা

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে ২০ ডিসেম্বর ২০২১ তারিখ কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৬ টি অংশীজন প্রতিষ্ঠানের সাথে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে এক অবহিতকরণ সভা অনলাইনে Zoom platform এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির তৎকালীন মহাপরিচালক ড. এ কে এম নাজমুল হক। জনাব আবুল কালাম আজাদ, উপপরিচালক, নাটা জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা এর বিভিন্ন সূচক সম্পর্কে অংশীজনদের অবহিত করেন। বিশেষ করে শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম এর অধীন কার্যক্রম সম্পর্কে অংশীজনদের বিস্তারিতভাবে বিবৃত করেন। পরবর্তীতে তথ্য প্রদান কর্মকর্তা, নাটা জনাব নিলুফা আক্তার ২০২১-২২ অর্থবছরের তথ্য অধিকার বিষয়ে অত্র দপ্তরের কর্মপরিকল্পনা ও সংস্থার স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য এবং তথ্যের ক্যাটালগ সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে অন্যান্য দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্টগণ তাদের পরিকল্পনা এবং মতামত প্রদান করেন। সবশেষে অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি এর গুরুত্ব এবং নাটা কি কি বিষয়ে সেবা প্রদান করে সে বিষয় উপস্থাপন করেন ফোকালপয়েন্ট ড. মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক, নাটা। সেবা প্রদান বিষয়টি বর্তমান সরকারের একটি অগ্রাধিকার ইস্যু এবং সুশাসন প্রতিষ্ঠায় সেবা প্রদানকালে এর অনুসরণ সকল প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক করা হয়েছে। কেবিনেট ডিভিশন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত নীতিমালার আলোকে নির্ধারিত ছকপত্রে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করা হয়েছে এবং নাটার এর ওয়েবসাইটে সর্বশেষ সংশোধনীসহ আপলোড করা হয়েছে। পরবর্তীতে অভিযোগ প্রতিকার বিষয়ে নাটার কর্মপরিকল্পনা উপস্থাপন করেন প্রকাশনা কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট জনাব সুমাইয়া শারমিন। তিনি বলেন যে, নাটায় নির্দিষ্ট সময়ে অফলাইন/অনলাইনে প্রাপ্ত অভিযোগ সমূহ নিষ্পত্তি, নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ এবং ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ ও এ সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হয়। উন্মুক্ত আলোচনায় বিভিন্ন প্রতিষ্ঠানের ফোকালপয়েন্টগণ অংশগ্রহণ করে নাটার বর্তমান কার্যক্রমের প্রশংসা করেন। তারা অত্র প্রতিষ্ঠানে বর্ণিত বিষয় সমূহের  উপর ২/৩ দিনের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করার অনুরোধ জানান। তারা এ ধরনের একটি উদ্যোগ গ্রহণের জন্য নাটাকে ধন্যবাদ জানান।



নাটায় অংশীজনদের (Stakholder) সাথে সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রম বাস্তবায়ণ কর্মপরিকল্পনা সংক্রান্ত অবহিতকরণ সভায় অংশগ্রহণকারীবৃন্দের একাংশ

# কৃষি সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম মহোদয়ের নাটায় আগমন

গত ০৪-০৮ জুন ২০২২ খ্রি. তারিখে জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমিতে অনুষ্ঠিত "Agricultural Policy and Strategy for Agricultural Transformation for the Senior Executive Scientists of NARS" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকারের সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয় জনাব মোঃ সায়েদুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ওয়াহিদা আক্তার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এবং নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান। প্রধান অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব সায়েদুল ইসলাম বলেন,

"যারা যোগায় ক্ষুধার অন্ন
আমরা আছি তাদের জন্য"।




কৃষি সচিব জনাব সায়েদুল ইসলাম মহোদয় এন-১৭৭ বুনিয়াদি প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন।

কৃষির সাথে সংশ্লিষ্ট সকলকে তিনি সূর্য সন্তান হিসেবে অভিহিত করেছেন। কৃষিকে হৃদয়ে ধারণ না করলে এ ধরনের অমৃত বাক্য নিঃসরণ সম্ভব নয়। নাটা সৌভাগ্যবান যে, এমন একজন কৃষি বান্ধব সচিবের সান্নিধ্য পেয়েছে। তিনি আরো উল্লেখ করেন, "বিগত কয়েক দশকে কৃষিতে বিপ্লব এসেছে। বিশ্ব বাজারে পাট উৎপাদনে বাংলাদেশ ২য়, রপ্তানিতে ১ম, ধান উৎপাদনে ৩য়, আলু উৎপাদনে ৭ম অবস্থানে আছে। এসব অর্জনকে তিনি সরকারের বিভিন্ন ধরনের জনবান্ধব ও কৃষি বান্ধব নীতির সুফল হিসেবে বিশেষভাবে উল্লেখ করেছেন। ১৯৭১ সালে বাংলাদেশের জনসংখ্যা ছিল ৭ কোটি, খাদ্য উৎপাদন ছিল ১ কোটি মেট্রিক টন, খাদ্য ঘাটতি ছিল ৫০ লক্ষ মেট্রিক টন। অথচ বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা ১৬ কোটির বেশি এবং খাদ্য উৎপাদন ৪.৫০ কোটি মেট্রিক টন। মাথাপিছু কৃষি জমির পরিমাণ কমেছে, তা সত্ত্বেও এ সফলতার পেছনের নিয়ামক হলো সরকারের পলিসি, নীতি, মেধা, মনন, উন্নত জাত, কৃষক সম্প্রসারন কর্মী এবং গবেষকদের নিরলস প্রচেষ্টা এবং সর্বোপরি যোগ্য লোককে যোগ্য জায়গায় পদায়ন করা"।



কৃষি সচিব জনাব সায়েদুল ইসলাম মহোদয় কর্তৃক নাটার নব স্থাপিত নাম ফলক উন্মোচন।

উদাহরণস্বরূপ সচিব স্যার বলেন, "সরকার কৃষিক্ষেত্রে প্রচুর ভর্তুকী দেন। ২৮ লাখ টাকার হারভেস্টার কৃষক পাচ্ছে ৭ লাখ টাকায়। ১০০ টাকার সার কৃষক পায় ১৫ টাকা কেজি দরে। মানুষের খাদ্যাভ্যাসেও ব্যাপক পরিবর্তন এসেছে। আগে ফলের দোকান ছিলো ওষুধের দোকানের পাশে। অর্থাৎ মানুষ অসুস্থ হয়ে হাসপাতালে গেলে তবেই তার জন্য সাধারণত আত্মীয় স্বজনেরা ফল কিনে হাসপাতালে দেখতে যেতেন। কিন্তু বর্তমানে এ চিত্র ভিন্ন। এখন যত্র তত্র ফলের দোকান দেখতে পাওয়া যায়। ঠিক তেমনি আগে সপ্তাহে ১দিন হাটবার ছিল, সেদিনই ভালো ভালো মাছ, মাংস পাওয়া যেতো। এখন সকাল বিকাল সবসময়ই (২৪/৭) মাছ, মাংস কিনতে পারেন এ দেশের জনগণ।" এসবের মাধ্যমে আমাদের অর্থনৈতিক এবং সামাজিক সূচকে সমৃদ্ধির প্রমাণ মেলে।



অনুষ্ঠানে সচিব স্যার নাটা চত্বরে ১টি বৃক্ষ রোপন করছেন।

জাতির জনকের আজন্ম লালিত স্বপ্ন ছিল এ দেশের কৃষক শ্রমিক মেহনতি মানুষকে নিয়ে ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত, সমৃদ্ধ সোনার বাংলা গড়া। সোনার বাংলা গড়তে হলে সোনার মানুষ দরকার হয়। আমাদের দেশ ধীরে ধীরে সেই সোনার বাংলার দিকেই যেন বীরদর্পে এগিয়ে চলেছে। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন জনাব ওয়াহিদা আক্তার অতিরিক্ত সচিব (প্রশাসন) কৃষি মন্ত্রণালয় এবং ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এবং জনাব মাহমুদুল হাসান, মহাপরিচালক, নাটা।



কৃষি সচিব জনাব সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন)
জনাব ওয়াহিদা আক্তার ও অন্যান্য কর্মকর্তাসহ নাটার পেস্ট মিউজিয়াম পরিদর্শন।

অনুষ্ঠান শেষে সচিব স্যার নাটা চত্বরে ১টি স্মারক বৃক্ষ রোপন করেন এবং নাটার নবস্থাপিত একটি নামফলক উন্মোচন করেন। সেই সাথে পেষ্ট মিউজিয়াম এবং বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার পরিদর্শন করেন।



বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার পরিদর্শন বইয়ে মন্তব্য করছেন কৃষি সচিব জনাব সায়েদুল ইসলাম
পাশে উপবিষ্ট কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ওয়াহিদা আক্তার।

# নাটায় বিসিএস কর্মকর্তাদের
# এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান

২০ ফেব্রুয়ারি থেকে ২২ আগস্ট ২০২২ মেয়াদে ০৬ (ছয়) মাসব্যাপী ৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে এবং কেন্দ্রের সার্বিক তত্ত্বাবধানে বিয়াম ফাউন্ডেশন ঢাকা, বিয়াম ফাউন্ডেশন বগুড়া, পল্লী উন্নয়ন একাডেমি বগুড়া, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) গাজীপুর এবং আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। ২০ ফেব্রুয়ারি ২০২২ রবিবার, ১৫:০০ ঘটিকায়, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে থেকে অনলাইনে কোর্সের শুভ উদ্বোধন হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিপিএটিসি এর প্রশিক্ষণার্থীগণ ও অনুষদ সদস্যবৃন্দ মিলনায়তনে উপস্থিত ছিলেন এবং উল্লেখিত প্রতিষ্ঠানসমূহ এর কোর্স ম্যানেজমেন্ট এর সদস্য, অনুষদ সদস্যবৃন্দ এবং প্রশিক্ষণার্থীগণ অনলাইনে সংযুক্ত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে (ভার্চুয়াল) সংযুক্ত হন জনাব ফরহাদ হোসেন এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে (ভার্চুয়াল) সংযুক্ত হন জনাব কে. এম. আলী আজম, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করেন জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস, রেক্টর, বিপিএটিসি সাভার, ঢাকা। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান, বিপিএটিসি এর প্রতিনিধি জনাব আবুল বাশের, পরিচালক, কোর্স ম্যানেজমেন্ট টিম এর সম্মানিত সদস্য কোর্স পরিচালক মোহাম্মদ আব্দুল হামিদ, কোর্স সমন্বয়ক (এক্সট্রা একাডেমিক) মোঃ তাহাজুল ইসলাম, কোর্স সমন্বয়ক (একাডেমিক) মাহমুদা হক, কোর্স সমন্বয়ক (একাডেমিক) মোঃ আকলিমুজ্জামান ও নাটার অনুষদ সদস্যবৃন্দ নাটা হতে ভার্চুয়ালী সংযুক্ত হন। ৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের আওতায় নাটায় ১০ টি ক্যাডারের ৭৩ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। ৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ৭৩ জন কর্মকর্তার মধ্যে ১৫ জন নারী এবং ৫৮ জন পুরুষ কর্মকর্তা । নাটায় অংশগ্রহনকারী ৭৩ জন ক্যাডার কর্মকর্তার মধ্যে প্রশাসন ক্যাডারের ১ জন, বন ক্যাডারের ৩ জন, আনসার ক্যাডারের ২ জন, তথ্য ক্যাডারের ১ জন, রেলওয়ে পরিবহন ও বানিজ্যিক ক্যাডারের ৩ জন, কৃষি ক্যাডারের ২৮ জন, মৎস্য ক্যাডারের ৩ জন, লাইভস্টক ক্যাডারের ১৬ জন, গণপূর্ত ক্যাডারের ১১ জন এবং সড়ক ও জনপথ ক্যাডারের ৫ জন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণ




নাটায় বিসিএস কর্মকর্তাদের এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান।

# বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারভুক্ত সরকারি কলেজ শিক্ষকদের ১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণের শুভ উদ্বোধন

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে গত ১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে আত্তীকৃত সরকারি কলেজের শিক্ষকদের 'Foundation Training Course (FTC)' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন করা হয়। প্রশিক্ষণ কোর্সটির মেয়াদ ১৫ ফেব্রুয়ারি/২২ থেকে ১৪ জুন/২২ খ্রি. পর্যন্ত মোট চার মাস। নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মঞ্চে উপবিষ্ট ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ডা. সৈয়দ ইমামুল হোসাইন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর মহাপরিচালক জনাব প্রফেসর ড. মোঃ নিজামুল করিম। আরো উপস্থিত ছিলেন নায়েমের পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ আব্দুল মান্নান চৌধুরী এবং বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পরিচালক ও নাটার উপপরিচালক জনাব ড. মোঃ জামাল উদ্দীন। দেশের বিভিন্ন সরকারি কলেজ থেকে আগত ৪০জন প্রশিক্ষণার্থী উদ্বোধন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। এ সময় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের পরিচালনা টিমের কোর্স কো-অর্ডিনেটর (এক্সট্রা একাডেমিক) জনাব মোহাম্মদ ওমর ফারুক; কোর্স কো-অর্ডিনেটর (একাডেমিক) জনাব আবুল কালাম আজাদ, সহকারী কোর্স কো-অর্ডিনেটর (একাডেমিক) জনাব শামসুন নাহার এবং সহকারী কোর্স কো-অর্ডিনেটর (এক্সট্রা একাডেমিক) জনাব ড. মুহাম্মদ শাহাদৎ হোসাইন সিদ্দিকী সহ নাটার ফ্যাকাল্টিমন্ডলী উপস্থিত ছিলেন।




এন ১৭৭-তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন
অত্র প্রতিষ্ঠানের মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান।



নায়েম এর মহাপরিচালক জনাব ড. মোঃ নিজামুল করিম ও নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান কর্তৃক
বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার পরিদর্শন।



শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ড. সৈয়দ ইমামুল হোসাইন, নায়েম এর মহাপরিচালক জনাব ড. মোঃ নিজামুল করিম এবং নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান কর্তৃক নাটার লাইব্রেরির কার্যক্রম পরিদর্শন।

## এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণার্থীদের DG's Tea

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর কৃষি মন্ত্রণালয়ের প্রথম শ্রেণির কর্মকর্তাদের জন্য একটি অন্যতম শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭টি সংস্থার মানব সম্পদ ও দক্ষতা উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া এখানে বাংলাদেশ সিভিল সার্ভিস এর বিভিন্ন ক্যাডারের বুনিয়াদি প্রশিক্ষণ, ইন্ডাকশন ট্রেনিং ও স্পন্সরড ট্রেনিং হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় সম্প্রতি এখানে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির আওতায় ৪০ জন আত্তীকৃত সরকারী কলেজ শিক্ষকদের এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স গত ১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. শুরু হয়। বুনিয়াদি প্রশিক্ষণের অন্যতম প্রধান আকর্ষণ DG's Tea অর্থাৎ মহাপরিচালক মহোদয়ের চা চক্র। এটি জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)'র একটি ঐতিহ্যবাহী অনুষ্ঠান। অত্যন্ত আড়ম্বরপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে গত ২৩ ফেব্রুয়ারি ২০২২খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার সময় জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), এর প্রশাসনিক ভবনের সামনে গোল চত্বরে ডিজি'স টি অনুষ্ঠিত হয়। নাটার সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান স্যারসহ এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণের কোর্স ম্যানেজম্যান্ট টিম ও অন্যান্য ফ্যাকাল্টি মেম্বার এবং এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণের সকল প্রশিক্ষণার্থী এই আয়োজনে অংশগ্রহন করেন। অনুষ্ঠানে উপস্থিত সকল কর্মকর্তা ও প্রশিক্ষণার্থীবৃন্দ পরস্পর পরিচয় ও কুশলাদি বিনিময়ের পাশাপাশি তাদের অভিজ্ঞতা, আগ্রহ, কৌতুক, গল্পের মাধ্যমে 'টি' পার্টিকে মিলনমেলায় পরিণত করেন। নাটার সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান স্যার তার বক্তব্যে বলেন, ফ্যাকাল্টি মেম্বার ও প্রশিক্ষণার্থীদের মধ্যে মিথোস্ক্রিয়ার অন্যতম অংশ DG's Tea.এর মাধ্যমে ফ্যাকাল্টি মেম্বার ও প্রশিক্ষণার্থীদের মধ্যে হৃদ্যতা বাড়বে এবং চার মাসব্যাপী বুনিয়াদি প্রশিক্ষণে নাটা পরিবারের সাথে একাত্ম হয়ে প্রশিক্ষণকে আরও ফলপ্রসূ করতে পারবে। অতঃপর সবাই নিজেদের মধ্যে চা ও গল্পের মাধ্যমে গোল



**DG's Tea** অনুষ্ঠানে নাটার মহাপরিচালক মহোদয়ের সাথে অনুষদ সদস্যবৃন্দ।



**DG's Tea** অনুষ্ঠানে নাটার মহাপরিচালক মহোদয়ের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ।

# ১৭ মার্চ ২০২২ নাটায় জাতীয় শিশু দিবস উদযাপন

১৭ই মার্চ স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস। প্রতি বছরের মতো এবারও সারাদেশে শিশুদের নিয়ে বিভিন্ন আয়োজনের মাধ্যমে পালন করা হয়েছে দিবসটি। সরকারি-বেসরকারি পর্যায়ে নেওয়া হয়েছে বিভিন্ন কর্মসূচি। দিনটিতে সাধারণ ছুটির পাশাপাশি এর তাৎপর্য তুলে ধরে বাংলাদেশ টেলিভিশন, বেতারসহ বেসরকারি বিভিন্ন টেলিভিশন চ্যানেল প্রচার করেছে বিশেষ অনুষ্ঠানমালা। সংবাদপত্র গুলোতে প্রকাশিত হয়েছে বিশেষ ক্রোড়পত্র ও নিবন্ধ। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আয়োজন করা হয়েছে চিত্রাঙ্কন প্রতিযোগিতা। এরই ধারাবাহিকতায় ১৭ মার্চ ২০২২ জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, নাটায় বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালিত হয় বঙ্গবন্ধুর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। দিনের শুরুতে সূর্যদয়ের সাথে সাথে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শুরু হয় দিবসটির কর্মসূচী। তারপর শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, শিশুদের নিয়ে আনন্দ র‍্যালি, আলোচনা সভা এবং বাদ যোহর নাটা জামে মসজিদ এ বঙ্গবন্ধুর বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে নাটায় অনুষ্ঠিত আলোচনা সভায় উপস্থিত ছিলেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি নাটার সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান মহোদয়, সভাপতিত্ব করেন ড. মোঃ জামাল উদ্দিন, উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব), নাটা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব মোহাম্মদ আব্দুল হামিদ, উপপরিচালক (মৃত্তিকা বিজ্ঞান) নাটা এবং বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন, উপপরিচালক (ফুড টেকনোলজি) নাটা। এ আলোচনা সভায় উপস্থিত ছিলেন নাটার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, নাটায় চলমান এন-৭৩ তম ও এন-১৭৭ তম বুনিয়াদি প্রশিক্ষণের প্রশিক্ষণার্থীবৃন্দ।




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবসে আনন্দ র‍্যালি।



জাতীয় শিশু দিবসে বঙ্গবন্ধুর অস্থায়ী ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবসে শিশুদের নিয়ে কেক কাটছেন নাটার মহাপরিচালক মহোদয়।

## বিসিএস ক্যাডার কর্মকর্তাদের এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণের ১ম মেসনাইট

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) তে এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি শুরু হয়েছে ২০ ফেব্রুয়ারি ২০২২খ্রি. তারিখ। বুনিয়াদি প্রশিক্ষণটির মেয়াদ ১৮ আগস্ট ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত। ৬ মাস মেয়াদি এই বুনিয়াদি প্রশিক্ষণে দেশের বিভিন্ন প্রান্ত থেকে ১০টি ক্যাডারের কর্মকর্তাগণ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেছেন। নাটাতে বুনিয়াদি প্রশিক্ষণে একাডেমিক শিক্ষার পাশাপাশি প্রশিক্ষণার্থীদের মেধা ও মনকে আরও বিকশিত করার জন্য খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকান্ডেও সক্রিয় অংশ গ্রহণ নিশ্চিত করা হয়। ৬ মাসব্যাপী এ বুনিয়াদি প্রশিক্ষণে ৫টি মেসনাইট ও ১টি গেস্টনাইট সম্পন্ন হয়েছে। এ বুনিয়াদি প্রশিক্ষণের ১ম মেসনাইটটি সম্পন্ন হয়েছিল ২৪মার্চ, ২০২২খ্রি. তারিখ। এ মেসনাইটে সম্মানিত প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল স্যার। মেস নাইটটিতে সভাপতিত্ব করেন নাটার সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান স্যার। মেসনাইট এর আয়োজনটি ০৩ (তিন) ভাগে বিভক্ত ছিল। প্রথম অংশে ছিল আলোচনা অনুষ্ঠান ও ২য় অংশে আয়োজন করা হয়েছিল মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও পরবর্তীতে নৈশভোজের মাধ্যমে সমাপ্ত হয়েছিল মেসনাইটের সকল আয়োজন। ১.৫ ঘন্টা ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করে ছিল বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের একঝাঁক প্রতিভাবান প্রশিক্ষণার্থীবৃন্দ। বৈচিত্র্যময় বর্ণাঢ্য আয়োজনে মুখরিত ছিল সেদিন নাটার আলোকিত প্রাঙ্গণ। দেশাত্ববোধক কোরাস গান, একক গান, কবিতা আবৃত্তি, নৃত্য, ফ্যাশন-শো, দেশাত্ববোধক গানের সাথে কোরিওগ্রাফি, ডুয়েটগান ও মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটিকা দিয়ে সাজানো হয়েছিল অনুষ্ঠানটি। অনুষ্ঠান উপভোগ শেষে সম্মানিত প্রধান অতিথির মূল্যবান দিকনির্দেশনা ও প্রশংসামূলক মন্তব্য মেসনাইটটিকে আরও সমৃদ্ধ করেছে। আয়োজিত অনুষ্ঠানটিকে তিনি জাতীয় মানের অনুষ্ঠান হয়েছে বলে উল্লেখ করেন। ১ম মেস কমিটি ও কালচারাল কমিটির উপদেষ্টামন্ডলী ও সদস্যদের নিরলস পরিশ্রম অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছে। মেসনাইটে আরও উপস্থিত ছিলেন বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কোর্স ম্যানেজমেন্ট টিমের সম্মানিত সদস্য ও নাটার অনুষদবর্গ।




এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মেসনাইটে সম্মানিত প্রধান অতিথি
জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয় মহোদয় বক্তব্য রাখছেন।




১ম মেসনাইটে মুক্তিযুদ্ধ বিষয়ক নাটিকায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ।

# ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস। স্বাধীনতার অনুভূতি সবসময়ই আনন্দের। তবে একই সঙ্গে দিনটি বেদনার ও বিশেষ করে যারা স্বজন হারিয়েছেন তাদের জন্য। অগণিত মানুষের আত্মত্যাগের ফসল আমাদের স্বাধীনতা। আমরা গভীর শ্রদ্ধায় স্মরণ করি মুক্তিযুদ্ধের শহীদদের এবং যারা ভয়াবহ নির্যাতনের শিকার হয়েছিলেন তাদের কৃতজ্ঞচিত্তে স্মরণ করি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি অবিসংবাদিত নেতা ও মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, যার মাধ্যমে সূচিত হয়েছিল সমগ্র বাঙালি জাতির অন্ধকার হতে আলোর পথে যাত্রা। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী হলো স্বাধীনতা অর্জনের ৫০ বছর পূর্তি পালনের জন্য বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত একটি বার্ষিক পরিকল্পনা। সরকার ২৬ মার্চ ২০২১ থেকে ৩১ মার্চ ২০২২ পর্যন্ত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী পালনের ঘোষণা দেয়। দেশের ৫২তম মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস আজ। ১৯৭১ সালের এই দিনে প্রথম প্রহরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সর্বশক্তি দিয়ে হানাদার বাহিনীকে প্রতিরোধ ও চূড়ান্ত বিজয় অর্জিত না হওয়া পর্যন্ত লড়াই চালিয়ে যাওয়ার ডাক দিয়ে ছিলেন। এরপর ৯ মাসের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়। বাংলাদেশ সহ পৃথিবীর নানা প্রান্তে ছড়িয়ে থাকা বাংলাদেশিরা দিবসটি উদযাপন করেন। বিশ্বব্যাপী চলা করোনা মহামারির কারণে গত দুই বছর সীমিত পরিসরে এবং কঠোর স্বাস্থ্যবিধি মেনে স্বাধীনতা দিবস উদযাপন করতে হয়েছে। এ বছর করোনা পরিস্থিতি অনেকটা নিয়ন্ত্রণে। তাই স্বাধীনতা দিবস উদযাপনে এবার স্বতঃস্ফূর্ততা বেশি দেখা গিয়েছে। ব্যাতিক্রম ঘটেনি আমাদের বেলায়ও। স্বাধীনতার ৫২ বছর পূর্তিতে, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) কর্তৃক সারাদিন ব্যাপী নানা আয়োজনে উদযাপিত হয় এ দিবসটি।




মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন
জনাব মাহমুদুল হাসান, মহাপরিচালক, নাটা।

প্রত্যুষে নাটার অনুষদবর্গ ও বিভিন্ন কর্মকর্তা- কর্মচারীবৃন্দের উপস্থিতিতে যথাযথ মর্যাদার সাথে পতাকা উত্তোলন করা হয়। তারপর এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ, এন-১৭৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দদের নিয়ে র‍্যালী করে বঙ্গবন্ধুর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন, পরে আলোচনা অনুষ্ঠানে সকলে অংশগ্রহণ করেন। দিবসের আলোচ্য বিষয় ছিল, "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন"। আলোচনা শেষে পূর্বের দিন অনুষ্ঠিত, মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরন করা হয়। অনুষ্ঠানে সম্মানিত প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাহমুদুল হাসান, মহাপরিচালক, নাটা।

তারপর নাটার সর্বস্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা - কর্মচারীবৃন্দ স্বতস্ফূর্ত ভাবে সারাদিন ব্যাপী অত্যন্ত আনন্দঘন পরিবেশে বিভিন্ন রকম ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন এবং তৎক্ষণাৎ পুরস্কার বিতরণ করা হয়। সন্ধ্যায় সাজ সাজরবে নাটার অনুষদবৃন্দ, এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ, এন-১৭৭ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ, নাটার বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এর সম্মিলিত অংশগ্রহণে আয়োজন করা হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। অনুষ্ঠানটিতে সম্মানিত প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মাহমুদুল হাসান, মহাপরিচালক, নাটা। মুক্তিযুদ্ধে নিহত সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে শেষ হয়ে যাওয়া দিবসটি যেন সন্ধ্যায় বেজে উঠেছিল মুক্তির সুরে নাটার স্বাধীন প্রাণে আর গানে গানে।




মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে নাটার অনুষদ সদস্যবর্গ ও প্রশিক্ষণার্থীবৃন্দ কর্তৃক পুষ্পস্তবক অর্পণ।

# নাটায় '4IR Implementation in Agriculture: Challenges and the Way Forward' শীর্ষক সেমিনার

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে গত ১১ এপ্রিল ২০২২ খ্রি. তারিখে '4IR Implementation in Agriculture: Challenges and the Way Forward' বিষয়ক একটি সেমিনার আয়োজন করা হয়। নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর মাননীয় ভাইস চ্যান্সেলর জনাব প্রফেসর ড. মো: গিয়াস উদ্দীন মিয়া। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনা করেন এটুআই (Aspire to Innovate), ঢাকা এর-সার্ভিস স্পেশালিস্ট (উপসচিব) জনাব গোলাম মোহাম্মদ ভূঁইয়া। মূল প্রবন্ধে চতুর্থ শিল্প বিপ্লবের ইতিহাস এবং অসাধারণ ১০ টি প্রযুক্তি যেমন: Internet of Things (IoT), Artificial Intelligence (AI) and Machine learning (কৃত্রিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং), Big data analysis, Cloud computing, Block chain, Robotics, Autonomous vehicles, উচ্চগতির ইন্টারনেট (5G), Gene editing GS Virtual/Augmented reality সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয়। প্রবন্ধে কৃষিতে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি সমূহ প্রয়োগে গুরুত্ব উপস্থাপন করা হয়। বাংলাদেশে এসব প্রযুক্তি ব্যবহারের চ্যালেঞ্জ ও সুযোগ নিয়েও আলোচনা করা হয়। সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন Freelance International Consultant (Agriculture Sector Development Expert) জনাব ড. মঈন উস সালাম, ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর কৃষিতত্ত্ব বিভাগের প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম এবং ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা এর প্রফেসর জনাব ড. দেওয়ান মোঃ ফরিদ।




নাটায় **4IR** বিষয়ক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান রাখছেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এর ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো: গিয়াস উদ্দীন মিয়া।

আলোচকগণ মূল প্রবন্ধের উপর আলোচনা করেন এবং দেশে এসব প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের ১৮টি দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ অংশ গ্রহণ করেন। আলোচক বৃন্দের আলোচনা শেষে অংশগ্রহণকারীগণ মুক্ত আলোচনায় মেতে উঠেন। সেমিনারের সারাংশ উপস্থাপনায় রেপোর্টিয়ার হিসেবে দায়িত্ব পালন করেন নাটার সিনিয়র সহকারী পরিচালক জনাব মোঃ শরিফ ইকবাল এবং ড. মুহাম্মদ শাহাদৎ হোসাইন সিদ্দিকী। অনুষ্ঠানের উপস্থাপনায় ছিলেন সিনিয়র সহকারী পরিচালক জনাব বনানী কর্মকার ও সিনিয়র সহকারী পরিচালক জনাব শামীমা আক্তার, নাটা।




নাটায় 4IR বিষয়ক সেমিনারে কীনোট স্পিকার হিসেবে বক্তব্য রাখছেন উপসচিব গোলাম মোহাম্মদ ভূঁইয়া।

## "সরকারী কলেজ শিক্ষকদের এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ" কোর্সের সমাপনী অনুষ্ঠান

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর কৃষি ক্ষেত্রে প্রথম শ্রেণির কর্মকর্তাদের একটি অন্যতম শীর্ষ প্রশিক্ষণ প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন ১৭টি সংস্থার মানব সম্পদ ও দক্ষতা উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তাছাড়া এখানে বাংলাদেশ সিভিল সার্ভিস এর বিভিন্ন ক্যাডারের বুনিয়াদি প্রশিক্ষণ, ইন্ডাকশন ট্রেনিং ও স্পসর ট্রেনিং হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় সম্প্রতি নাটায় জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির আওতায় ৪০ জন আত্তীকৃত সরকারী কলেজ শিক্ষকদের এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ গত ১৪ ফেব্রুয়ারি-২০২২ শুরু হয়েছিল। আমরা জানি, শিক্ষার মান উন্নয়নে বর্তমান সরকার বিশেষ করে আমাদের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা জাতির জনকের স্বপ্নের সোনার বাংলা গড়তে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ইতোমধ্যেই তিনি অনেক বেসরকারি কলেজকে সরকারিকরণ করে শিক্ষার পথকে আরো সুগম করেছেন। বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহনকারী ৪০ জন আত্তীকৃত সরকারী কলেজ শিক্ষকগণ মাননীয় প্রধানমন্ত্রীর এই মহৎ কাজের সুবিধাভোগী। বুনিয়াদি প্রশিক্ষণটি ১৪ ফেব্রুয়ারি শুরু হয় শেষ হয় ১৪ই জুন। দীর্ঘ ৪ মাস পর ১৪ই জুন সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. হুমায়রা সুলতানা, অতিরক্তি সচিব, কৃষি মন্ত্রণালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. শাহ মোঃ আমির আলী, পরিচালক (প্রশাসন ও অর্থ) জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি এবং অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এর সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান। দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন কলেজের ৪০ জন প্রশিক্ষণার্থী কৃতিত্বের সাথে বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত করেন। বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে ১ম থেকে ২০ তম স্থান পর্যন্ত মেধা তালিকা ঘোষণা করা হয়। মেধা তালিকায় ও সহ-শিক্ষা কার্যক্রমে কৃতিত্বের স্বাক্ষর রাখা প্রশিক্ষণার্থী All Rounder Performer হিসেবে বিবেচিত হন এবং সম্মান জনক এবং DG's Award পেয়েছেন। DG's Award নির্ধারণের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীর পরীক্ষার ফলাফল এবং সহ-শিক্ষা কার্যক্রমে কৃতিত্ব ছাড়াও বিভিন্ন কমিটিতে অংশগ্রহণ, শ্রেণিকক্ষে উপস্থিতি, প্রশিক্ষণ চলাকালীন আচরণ, প্রাতিষ্ঠানিক নিয়ম-কানুনের প্রতি শ্রদ্ধাবোধসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়সমূহ কোর্স সমন্বয় কমিটি বিবেচনায় এনেছেন। DG's Award ছাড়াও মেধাক্রম ১ম থেকে ৫ম স্থান পর্যন্ত প্রশিক্ষণার্থীদের বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।




এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন জনাব ড. হুমায়রা সুলতানা, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।

উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, শিক্ষকগণ হলেন জাতি গড়ার কারিগর এবং জাতি গঠনের মতো এই মহৎ পেশাকে সাধুবাদ জানিয়ে শিক্ষকদের ভূয়সী প্রশংসা করেন। প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে দুই জন প্রশিক্ষণ সম্পর্কে তাদের অনুভূতি ব্যক্ত করেন। তারা মনে করেন, চার মাসব্যাপি বুনিয়াদি প্রশিক্ষণে তাদের সুপ্ত চেতনার যেমন জাগরন ঘটিয়েছে তেমনি ঝিমিয়ে পড়া শুভ্র চেতনাকে করেছে শানিত। উদ্দীপ্ত করেছে তাদের দেশপ্রেম এবং নিজেদের যোগ্যতায় জায়গাটিকে করেছে আত্মপূর্ণ। আগামী প্রজন্মকে সঠিক দিক নির্দেশনা দিয়ে আলোর পথে এগিয়ে নিয়ে যাবে বলে তারা আজ প্রতিশ্রুতিবদ্ধ। অনুষ্ঠানটির সভাপতি নাটার মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান বলেন, ০৪ (চার) মাস ব্যাপী অনুষ্ঠিত এই বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহনকারী ৪০ জন প্রশিক্ষণার্থী সকলেই নাটার কঠোর নিয়মানুবর্তিতা ও শৃঙ্খলার প্রতি ছিলেন শ্রদ্ধাশীল। প্রতি ক্ষেত্রেই তারা তাদের মেধা, শ্রম ও আন্তরিকতার পরিচয় দিয়েছেন।এই প্রশিক্ষণ থেকে লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে তারা দেশ ও জাতি গঠনে সঠিক ভূমিকা রাখতে পারবেন। মেধাক্রম ১ম থেকে ৫ম স্থান পর্যন্ত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা :

| মেধাক্রম | নাম ,পদবী ও ঠিকানা | এ্যাওয়ার্ড |
|---|---|---|
| ১ | সবুজ কান্তি শীল, প্রভাষক, সরকারি এল, বি, কে ডিগ্রি মহিলা কলেজ দাকোপ, খুলনা | **DG's Award** |
| ২ | সায়মা ইসলাম, প্রভাষক, সরকারি শেখ ফজিলাতুননেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়, টাংগাইল | বিশেষ সম্মাননা পদক |
| ৩ | মুহাম্মদ আজিজুল হক, প্রভাষক, সরকারি হাজী আব্দুল আজিজ খান ডিগ্রি কলেজ, মদন, নেত্রকোনা | বিশেষ সম্মাননা পদক |
| ৪ | মোহাম্মদ মোশাররফ হোসেন, প্রভাষক, সরকারি সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর | বিশেষ সম্মাননা পদক |
| ৫ | মোসাম্মৎ হোসনে আরা, প্রভাষক, সরকারি শেখ ফজিলাতুননেছা মুজিব মহিলা মহাবিদ্যালয়, টাংগাইল | বিশেষ সম্মাননা পদক |




সরকারী কলেজ শিক্ষকদের এন-১৭৭তম বুনিয়াদি প্রশিক্ষণের
মেধাক্রমে থাকা প্রশিক্ষণার্থীদের সাথে আমন্ত্রিত অতিথিবৃন্দ।

# শুদ্ধাচার পুরস্কার ২০২১-২২

জাতীয় শুদ্ধাচার কৌশল এর রূপকল্প 'সুখী-সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা "। শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানে শুদ্ধাচার কর্ম- পরিকল্পনায় সরকারি কর্মচারীদের জন্য পুরস্কার প্রদানের কার্যক্রম অন্তর্ভুক্ত হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের জন্য জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করার নিমিত্ত জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) এর আগ্রহী কর্মচারীগণের নিকট হতে নির্ধারিত ছকে আবেদন আহবান করা হয়। আবেদন গুলো মন্ত্রণালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১' এ বর্ণিত শুদ্ধাচার পুরস্কারের সূচকের আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত কমিটি মূল্যায়ন করে । নীতিমালার অনুচ্ছেদ ৩.৩ এর আলোকে গ্রেড ২য় হতে ৯ম গ্রেডভুক্ত জনাব নিলুফা আক্তার, উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), ১১তম গ্রেড হতে ১৬ গ্রেড ভূক্ত কর্মচারী গণের মধ্যে জনাব নুরুন্নাহার বেগম, উপসহকারী কৃষি কর্মকর্তা এবং ১৭ গ্রেত হতে ২০ গ্রেডভূক্ত কর্মচারী জনাব সালেহা আক্তার, পুরস্কার প্রাপ্তির জন্য মনোনীত হন। মনোনীত কর্মচারীগণকে নীতিমালায় বর্ণিত অনুচ্ছেদ ৭ এর আলোকে এক মাসের মূল বেতনের সমপরিমান অর্থ , সার্টিফিকেট এবং একটি ক্রেস্ট প্রদান করা হয় । ১৪ জুন, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) এর ৪০জন শিক্ষকদের বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনীর এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ড. হুমায়রা সুলতানা পুরস্কার প্রাপ্তদের পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জনাব মাহমুদুল হাসান, মহাপরিচালক জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)।



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মকর্তা পর্যায়ে (২য় হতে ৯ম গ্রেডভুক্ত পদে) পুরস্কার গ্রহণ করেন জনাব নিলুফা আক্তার, উপপরিচালক (পরিকল্পনা ও প্রকাশনা), নাটা।



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মচারী পর্যায়ে (১০ম হতে ১৬তম গ্রেডভুক্ত পদে)
পুরস্কার গ্রহণ করেন জনাব নুরুন্নাহার বেগম।



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মচারী পর্যায়ে (১৭ হতে ২০তম গ্রেডভুক্ত পদে)
পুরস্কার গ্রহণ করেন জনাব সালেহা আক্তার।

# জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি নবনিয়োগ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির ৩য় ও ৪র্থ শ্রেণির ২০ ক্যাটাগরির ৪৪টি শূন্য পদে (প্রিন্টিং মেশিন অপারেটর, হিসাবরক্ষক, ফটোগ্রাফার, ড্রাফটসম্যান, সিনিয়র মেকানিক, অডিও ভিজ্যুয়াল অপারেটর, লাইব্রেরি সহকারী, অভ্যর্থনাকারী, সহকারী প্রিন্টিং মেশিন অপারেটর, কেয়ার টেকার, মেকানিক, ডাটা এন্ট্রি অপারেটর, গাড়িচালক, গুদাম রক্ষক, নাজির-কাম-ক্যাশিয়ার, প্লাম্বার, প্রধান বাবুর্চি, সেচ পাম্প অপারেটর, এটেনডেন্ট ও অফিস সহায়ক) নিয়োগ এর নিমিত্ত গত ০৩, ১০ ও ১৭ ডিসেম্বর ২০২১ খ্রি. তারিখ সমূহে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হতে গাড়িচালক পদে ব্যবহারিক পরীক্ষা ০৫ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে এবং ডাটা এন্ট্রি অপারেটর পদে ব্যবহারিক ও **Standard Aptitude Test** ০৭ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। ৩য় ও ৪র্থ শ্রেণির ২০ ক্যাটাগরির পদসমূহে লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা যথাক্রমে ১৯ জানুয়ারি ২০২২ হতে ০২ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। ৩য় ও ৪র্থ শ্রেণির ২০ ক্যাটাগরির ৪৪টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত ০৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখ সকাল ৯.৩০ মিনিটে ডিপিসির সদস্যগণ উপস্থিত হয়ে ৩য় শ্রেণির ১৭ (সতের)টি ক্যাটাগরির (প্রিন্টিং মেশিন অপারেটর, হিসাবরক্ষক, ফটোগ্রাফার, ড্রাফটসম্যান, সিনিয়র মেকানিক, অডিও ভিজ্যুয়াল অপারেটর, লাইব্রেরি সহকারী, অভ্যর্থনাকারী, সহকারী প্রিন্টিং মেশিন অপারেটর, কেয়ার টেকার, মেকানিক, ডাটা এন্ট্রি অপারেটর, গাড়িচালক, গুদাম রক্ষক, নাজির-কাম-ক্যাশিয়ার, প্লাম্বার, প্রধান বাবুর্চি) ৩৬টি শূন্য পদে এবং ৪র্থ শ্রেণির ০৩ ক্যাটাগরির (সেচ পাম্প অপারেটর, এটেনডেন্ট ও অফিস সহায়ক) ০৮ (আট) টি শূন্য পদে ভিন্ন ভিন্ন ভাবে চূড়ান্ত ফলাফল প্রস্তুত করেন এবং ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে গ্রেড-১১ থেকে গ্রেড-২০ পর্যন্ত (৩য় ও ৪র্থ শ্রেণি) ২০ ক্যাটাগরির ৪৪ (চুয়াল্লিশ) টি শূন্য পদের বিপরীতে ৩৯ (উনচল্লিশ) টি পদে ফলাফল ঘোষণা করা হয়। ২২ ফেব্রুয়ারি ২০২২ তারিখে গ্রেড-১১ থেকে গ্রেড-২০ পর্যন্ত- (৩য় ও ৪র্থ শ্রেণি) ২০ ক্যাটাগরির ৪৪ (চুয়াল্লিশ) টি শূন্য পদের বিপরীতে ৩৬ (ছত্রিশ) জন কর্মচারী যোগদান করেন। নব যোগদানকৃত কর্মচারীদের ফুলেল শুভেচ্ছায় নাটা বরণ করে নেয়।



জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির ৩য় ও ৪র্থ শ্রেণির ২০ ক্যাটাগরির ৩৬টি শূন্য পদে নবনিয়োগ প্রাপ্ত কর্মচারীগণ।

# বৃক্ষরোপণ, সঠিক পরিচর্যা ও সংরক্ষণ

গাছবিহীন একটি মুহূর্তও অসম্ভব। পরিবেশের ভারসাম্য রক্ষা, সুশীতল ছায়া দান, ভূমিক্ষয় রোধ, পুষ্টিকর ফল ও ঔষধ প্রদান, সৌন্দর্য বর্ধন ও বিনোদনে গাছের ভূমিকা অনস্বীকার্য। বই যেমন মানুষের পরম বন্ধু গাছ তেমন মানুষের পরম আত্মীয়। মানুষ মানুষের শত্রু হয়, একে অপরের ক্ষতি করে কিন্তু গাছ কখনও মানুষের শত্রু হয় না, কখনও মানুষের ক্ষতি করে না। গাছ আমাদের পৃথিবীর জন্য অমূল্য সম্পদ। অথচ প্রতিদিন অবাধে ধ্বংস করা হচ্ছে এই মহামূল্যবান সম্পদ। বর্ধিত জনসংখ্যার চাহিদা পূরণে প্রতিদিনই কর্তন করা হচ্ছে অসংখ্য গাছ। কখনও ব্যক্তিগত শত্রুতায় অবাধে নিধন করা হচ্ছে গাছ। ফলে কমে যাচ্ছে গাছের সংখ্যা, নষ্ট হচ্ছে প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য। একটি দেশের প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষায় মোট এলাকার অন্তত: ২৫% বন এলাকা থাকা উচিৎ, যা আমাদের দেশে আছে শতকরা মাত্র ১১.২ ভাগ। বেসরকারি হিসেবে এটি আরও কম প্রায় ৯ ভাগ। সেটাও সমান ভাবে সর্বত্র বিস্তৃত নয়। শুধু দেশের প্রাকৃতিক পরিবেশই নয় একটি দেশের অর্থনীতিতেও বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। ভারতের কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক টি এম দাস ১৯৭৯ সালে পূর্ণবয়স্ক একটি বৃক্ষের অবদান আর্থিক মূল্যে বিবেচনা করে দেখান যে ৫০ বছর বয়সী একটি বৃক্ষে অর্থনৈতিক মূল্য প্রায় এক লাখ ৮৮ হাজার মার্কিন ডলার (সূত্রঃ ইন্ডিয়ান বায়োলজিস্ট, ভলিয়ম-১১, সংখ্যা-১-২)। দেশের প্রাকৃতিক পরিবেশ আজ হুমকীর সম্মুখীন।

আমরা গাছ লাগাই কিন্তু সঠিক পরিচর্যা করিনা। অনেকেই আবার ফলদ বৃক্ষের পরিচর্যা করি বনজ বৃক্ষের তেমন পরিচর্যা করিনা। অনেক সময় ফলন্ত মৌসুম ছাড়া অন্য সময় গাছের পরিচর্যা করি না। কিন্তু ভাল ফলন (ফল, কাঠ, খড়ি) পেতে সারা বছর-ই দরকার সঠিক পরিচর্যার। পরিবেশ ভাল রাখতে আমাদের ফলদ বৃক্ষের যেমন প্রয়োজন বনজ বৃক্ষের তেমন প্রয়োজন। ফলদ বনজ উভয় গাছই বাতাসে কার্বন ডাই অক্সাইড হ্রাস করে এবং অক্সিজেন সরবরাহ করে। ফলদ গাছ আমাদের বিভিন্ন ধরনের ভিটামিন ও খনিজ পদার্থের চাহিদা মেটায় আর বনজ গাছ আমাদের জ্বালানী ও কাঠের চাহিদা মেটায়। উভয় গাছ-ই মাটির উর্বরতা শক্তি বৃদ্ধি করে। গাছের পাতাগুলি আদ্রতা বৃদ্ধি করে, বায়ুবাহিত ধূলিকণা অপসারণ করে এবং তারই সাথে বায়ুমণ্ডলে ক্ষতিকারক পদার্থগুলিও ভেঙ্গে দেয়। এ সকল কারণেই রাষ্ট্র এবং পরিবেশবাদীরা সবসময়ই বৃক্ষরোপণের পক্ষে এবং বৃক্ষ কর্তনের বিপক্ষে আমাদের সচেতন করে। শুধু রাষ্ট্র বা পরিবেশবাদীরাই যে বৃক্ষ নিধনের বিপক্ষে তা নয় ইসলাম ধর্মেও বৃক্ষ কর্তনের নিষেধাজ্ঞা রয়েছে। হাদিসে বলা হয়েছে -'যে ব্যক্তি বিনা প্রয়োজনে গাছ কাটবে [যে গাছ মানুষের উপকার করতো], আল্লাহ তার মাথা আগুনের মধ্যে নিক্ষেপ করবেন।' (বায়হাকি, হাদিস: ৬/১৪০)

ইসলামে বৃক্ষ রোপনকে সাদকায়ে জারিয়া হিসেবেও অভিহিত করা হয়েছে। বৃক্ষ রোপনের পর যতদিন মানুষ ও জীবজন্তু ঐ বৃক্ষ থেকে প্রাপ্ত ফল ভোগ করবে, ছায়া পাবে, ততদিন পর্যন্ত রোপনকারীর আমলনামায় সাদকায়ে জারিয়ার সওয়াব লেখা হতে থাকবে। হযরত রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেন, 'কোনো ব্যক্তি যদি বৃক্ষরোপন করে কিংবা ফসল উৎপন্ন করে আর তা থেকে মানুষ ও পশু-পাখি ভক্ষণ করে, তাহলে উৎপন্নকারীর আমলনামায় তা সাদকায় সওয়াব হিসেবে গণ্য হবে।' বৃক্ষরোপনের গুরুত্ব বুঝাতে তিনি আরও বলেন, 'যদি নিশ্চিতভাবে জানো যে, কিয়ামত এসে গেছে এবং ওই মুহূর্তে গাছের চারা হাতে থাকে আর তা রোপন করা সম্ভব হয় তাহলে তা রোপন করে দিবে।' তিনি অযথা কোনো গাছের পাতা ছিড়তেও নিষেধ করেছেন। কোরআনের এ আয়াত ও হাদিস দ্বারা বুঝা যায়, ইসলামে বৃক্ষরোপণসহ তা পরিচর্যা এবং সংরক্ষণের প্রতি বেশ গুরুত্ব রয়েছে। আমরা সবাই উপরের হাদিসগুলো আমাদের প্রত্যেকের জীবনে মেনে চলার চেষ্টা করব সবসময়। তাহলে একই সাথে আমাদের যেমন সওয়াব হবে তেমনি পরিবেশের ভারসাম্য ও রক্ষা হবে, আর অর্থনৈতিক দিক দিয়েও লাভবান হওয়া যাবে। গাছ শুধু লাগালেই হবেনা, গাছ রোপণের পর প্রয়োজনীয় পরিচর্যা করতে হবে। গাছে নিয়মিত জৈব সার ও রাসায়নিক সার প্রয়োগ করতে হবে যেন গাছ তার অত্যাবশ্যকীয় খাদ্য উপাদানগুলো প্রয়োজনমত নিতে পারে।

গাছের ১৬ টি অত্যাবশ্যকীয় খাদ্য উপাদানের কতকগুলো গাছ বেশি পরিমাণে নেয়, কতকগুলো অল্প বা অতি অল্প পরিমাণে নেয়। তবে গ্রহণ কম হোক বা বেশি হোক, এদের একটি খাদ্য উপাদানের অনুপস্থিতিতে গাছ তার জীবন চক্র সম্পূর্ণ করতে ব্যর্থ হয়। প্রয়োজনীয় এসব খাদ্য উপাদান গাছ বিভিন্ন জৈব ও রাসায়নিক সার যেমন নাইট্রোজেন: ইউরিয়া, অ্যামোনিয়াম সালফেট ইত্যাদির মাধ্যমে, ফসফরাস: টিএসপি, ডিএপি ইত্যাদির মাধ্যমে, পটাশ: মিউরেট অব পটাশ এর মাধ্যমে, সালফার: জিপসাম, অ্যামোনিয়াম সালফেট ইত্যাদি মাধ্যমে পেয়ে থাকে। গাছে প্রয়োজন অনুযায়ী সেচ দিতে হবে। গাছে পোকা-মাকড়ের আক্রমণ রোধে নিয়মিত আগাছা পরিষ্কার করতে হবে। পোকার আক্রমণ হলে সেটি সহনীয় মাত্রায় রাখতে জৈব প্রযুক্তির ব্যবহার করতে হবে। পোকার আক্রমণ সহনীয় মাত্রার চেয়ে বেশি হলে সুবিধাজনক কীটনাশক প্রয়োগ করতে হবে।

পারিবারিক, সামাজিক ও জাতীয় চাহিদা পূরণের উপযোগী বিভিন্ন প্রজাতির গাছ আমরা রোপণ করে পুষ্টি, জ্বালানী, কাঠের চাহিদা পূরণের পাশাপাশি ভূমির ক্ষয় রোধের, নদীভাঙ্গন রোধ, মাটির উর্বরতা শক্তি বৃদ্ধি, আমাদের বাড়ির পরিবেশ আরামদায়ক, আকর্ষণীয় ও মনোমুগ্ধকর এবং স্বাস্থ্যসম্মত করে গড়ে তোলা সম্ভব। বাড়িতে বা জমিতে যেখানেই গাছ লাগাই না কেন রোপণের জন্য গাছ নির্বাচনে কিছু বিষয় খেয়াল রাখতে হবে যেন লাগানো গাছ কাটতে না হয়। বসতবাড়িতে সাধারণত ফল গাছ (আম, কাঁঠাল, লিচু, পেয়ারা, আমলকি,

আমড়া, কামরাঙ্গা, কুল, জাম, নারকেল, ডালিম, পেঁপে, লেবু, বাতাবি লেবু, জলপাই, জামরুল, বেল, কদবেল, লটকন, সফেদা, কমলা, কলা, গোলাপজাম, খেজুর, বরই, আতা, শরিফা, চালতা, তাল), পুষ্টিকর শাক-সবজি সমৃদ্ধ গাছ, মশলা (তেজপাতা, গোলমরিচ, মরিচ, আদা, হলুদ, রসুন, পেঁয়াজ), ঔষধি (নিম, তুলশি, বাসক, আমলকি, বহেরা, হরতকি, অর্জুন, ডালিম, বরই, বকফুল, ডুমুর, সজনে, অশ্বত্থ, অশোক, হিজল, মেহেদি, আকন্দ, কামরাঙ্গা, কালোজাম, আমড়া, তেঁতুল, নারকেল, গাব, বাবলা, সুপারি, চিরতা, কালোমেঘ, অর্শগন্ধা, শিমুল) গাছ রোপণ করে আমাদের পুষ্টি চাহিদা অনেকটাই পূরণ করতে পারি। তাছাড়া দ্রুতবর্ধনশীল (একাশিয়া, মিনজরি, অড়হর, বাবুল, ইপিল ইপিল, খয়ের, মেনজিয়াম, জাতকরই) গাছ লাগিয়ে প্রতিদিনের ব্যবহার্য জ্বালানি কাঠের ব্যবস্থা করতে পারি। পুকুর পাড়ে নারিকেল, তাল, খর্বাকৃতির ফলগাছের চারা রোপণ এবং পুকুরের কিছু অংশে জাংলা দিয়ে লতাজাতীয় সবজির চাষ করে নদীর তীরের পতিত জায়গা'র সুষ্ঠু ব্যবহার নিশ্চিত এবং নদী ভাঙ্গন রোধ করতে পারি। চরাঞ্চলে ঝাউ জাতীয় গাছের চারা রোপণ করে এবং ধৈঞ্চা বীজ বপন করে মৃত্তিকা সংরক্ষণ ও উন্নয়ন করা যায়। শিল্প প্রতিষ্ঠান বা সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের মাঠের চারিপার্শ্বে বিভিন্ন ফলজ বৃক্ষের চারা রোপণ করেও সারাবছর পুষ্টিকর ফল পেতে পারি। শহরে গাছ কাটার প্রবণতা তুলনামূলক বেশি থাকলেও আজকাল গ্রামে ও অবাধে কাটা হচ্ছে গাছ। এজন্য গ্রামের মানুষকেও সচেতন করা




(সূত্রঃ facebook.com)
বৃক্ষ সংরক্ষণে অন্যান্য দেশের ব্যবস্থা।



(সূত্রঃ ngnews24.net)
ব্যক্তিগত আক্রোশে অবাধে বৃক্ষ নিধনে আমাদের অবস্থা।

এক্ষেত্রে ইউনিয়ন পরিষদের পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি কিছু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন অব্যাহত রাখতে পারে, যেমন- গ্রামের মানুষকে বৃক্ষ রোপণের গুরুত্ব সম্পর্কে জানানো; তাদেরকে জনপথ, জনসাধারণের রাস্তা, জনসমাগমের জায়গায় বৃক্ষ রোপণে উৎসাহিত করতে পারে; উন্নত জাতের গাছের চারা সংগ্রহের জন্য জনগণকে সহযোগীতা প্রদান করতে পারে ইত্যাদি। উন্নত বিশ্বে আশু প্রয়োজনেও গাছ কর্তন করা হয়না অথচ আমাদের দেশে ব্যাক্তিগত শত্রুতার জেরে ও কেটে ফেলা হয় শত শত গাছ। আমাদের বাংলাদেশের যেখানে স্বল্প প্রয়োজনে কখনও বিনা প্রয়োজনে গাছ কর্তন করা হয় সেখানে জাপানে অপরিহার্য প্রয়োজনেও গাছ কর্তন না করেও অন্যত্র সরিয়ে পুনরায় রোপনের ব্যবস্থ নেওয়া হয়। বৃক্ষরোপণ অভিযান, বৃক্ষরোপণ মৌসুম পালন, বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ ছাড়াও আমাদের বিদ্যমান বনাঞ্চল রক্ষায় নানামূখী পদক্ষেপ গ্রহণ করতে হবে। আমাদের জীবনে বেচে থাকতে গেলে বৃক্ষের প্রয়োজনীয় সম্পর্কে জনগনকে সচেতন করতে হবে। এছাড়াও বিদ্যমান বনায়ন বৃদ্ধিকরণের অংশ হিসেবে রাস্তার পাশে বৃক্ষ রোপণে জনগণকে সক্রিয়ভাবে অংশগ্রহণে উৎসাহিত করতে হবে। মহাসড়কের পাশে, রেল লাইনের ধারে, পুকুরের পাড়ে, ঘেরের ধারে, নদীর পাশে, বাধের পাশে বৃক্ষ রোপণে জনগণ যেন সক্রিয়ভাবে অংশগ্রহণ করে তার জন্য স্বীকৃতি, পুরস্কার ও অর্থনৈতিক প্রণোদনার ব্যবস্থা করতে হবে। আমাদের নিজেদের স্বপ্রণোদিত হয়ে বাড়ির পাশে, পতিত জমিতে, রাস্তার পাশে বৃক্ষরোপণ করতে হবে। একটি গাছ কাটলে যেন আবশ্যিকভাবে দুইটি চারা লাগানো হয় সেই আইন প্রণয়ন করতে হবে। আমাদের সকলকে বন আইন, বৃক্ষরোপণ কর্মসূচি, বৃক্ষরোপণ অভিযান এর এজেন্ডা জানতে হবে এবং তা মেনে চলতে হবে। বৃক্ষরোপণ একাধারে বিজ্ঞান ও শিল্প। সঠিক সময়ে, সঠিক জায়গায়, সঠিক গাছটি উন্নত পদ্ধতিতে রোপণ করলে কর্তনের ঝুকি অনেকটাই কমানো যায়। বৃক্ষ রোপনে রাষ্ট্রের ভূমিকা থাকলেও বৃক্ষ পরিচর্যা ও সংরক্ষণে ব্যাক্তিগত ভূমিকা ও সচেতনতা অপরিহার্য।আমাদের ভবিষ্যৎ বংশধরেরা যাতে পরিবেশের মারাত্মক ছোবলের শিকার না হয় সে জন্য পরিবেশের ভারসাম্য রক্ষায় করণীয় বিষয়ে আমাদের সকলকেই সচেতন হতে হবে। তাই আমরা ফল ও বৃক্ষরোপণ মৌসুম উপলক্ষ্যে সবাই শপথ গ্রহন করি-আজ থেকে বৃক্ষ শুধু রোপণ ই করব না, করব তার সঠিক পরিচর্যা ও সংরক্ষণ।

## DG's Tea, এন-৭৩ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

বুনিয়াদি প্রশিক্ষণের অন্যতম প্রধান আকর্ষণ DG's Tea অর্থাৎ মহাপরিচালক মহোদয়ের সাথে চা চক্র। জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর এ ২০ ফেব্রুয়ারি ২০২২ থেকে বাংলাদেশ সিভিল সার্ভিস এর বিভিন্ন ক্যাডারের ৭৩ জন কর্মকর্তা নিয়ে এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ শুরু হয়। বুনিয়াদি প্রশিক্ষণের অংশ হিসেবে এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণের DG's Tea ২৪ ফেব্রুয়ারি ২০২২খ্রি. বিকাল ৪.০০ ঘটিকার সময় জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা),এর প্রশাসনিক ভবনের সামনে গোল চত্বরে অনুষ্ঠিত হয়। এটি জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)'র একটি ঐতিহ্যবাহী অনুষ্ঠান। অত্যন্ত আড়ম্বরপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে নাটার সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান স্যারসহ এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ম্যানেজমেন্ট টিম ও অন্যান্য ফ্যাকাল্টি মেম্বার এবং এন-৭৩তম বুনিয়াদি প্রশিক্ষণের সকল প্রশিক্ষণার্থীবৃন্দ এই আয়োজনে অংশগ্রহন করেন। অনুষ্ঠানে উপস্থিত সকল কর্মকর্তা ও প্রশিক্ষণার্থীবৃন্দ পরস্পর পরিচয় ও কুশলাদি বিনিময়ের পাশাপাশি তাদের অভিজ্ঞতা, আগ্রহ, কৌতুক, গল্পের মাধ্যমে DG's Tea কে মিলনমেলায় পরিণত করে। নাটার সুযোগ্য মহাপরিচালক জনাব মাহমুদুল হাসান স্যার তার বক্তব্যে বলেন, ফ্যাকাল্টি মেম্বার ও প্রশিক্ষণার্থীদের মধ্যে মিথস্ক্রিয়ার অন্যতম অংশ DG's Tea এর মাধ্যমে ফ্যাকাল্টি মেম্বার ও প্রশিক্ষণার্থীদের মধ্যে হৃদ্যতা বাড়বে এবং চার মাসব্যাপি বুনিয়াদি প্রশিক্ষণে নাটা পরিবারের সাথে একাত্ম হয়ে প্রশিক্ষণকে আরও ফলপ্রসূ করে।



**DG's Tea** অনুষ্ঠানে নাটার মহাপরিচালক মহোদয়ের সাথে অনুষদ সদস্য ও প্রশিক্ষণার্থীবৃন্দ।



**DG's Tea** অর্থাৎ মহাপরিচালক মহোদয়ের চা" চক্রের মুহূর্ত।

# ভ্যালিডেশন ওয়ার্কশপ

জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) গাজীপুর কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এখানে কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন প্রতিষ্ঠানের ৯ম হতে ৩য় গ্রেড পর্যন্ত কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। কর্মকর্তাদের জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির মাধ্যমে দেশের উৎপাদনশীলতা বৃদ্ধিতে নাটা বদ্ধ পরিকর। সরকারের বিভিন্ন এজেন্ডা বাস্তবায়ন এবং টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনের জন্য সময়ে সময়ে কর্মকর্তাদের নতুন নতুন বিষয়ে জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধির প্রয়োজন। সেই লক্ষমাত্রাকে সামনে রেখে কর্মকর্তাদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের জন্য একাডেমি প্রতি বছর প্রশিক্ষণ পরিকল্পনা তৈরী করে থাকে।

এই প্রশিক্ষণসমূহের বিষয়বস্তু নাটার মিশন এবং ভিশন পূরণে কতটুকু অবদান রাখতে পারবে সে বিষয়ে কৃষি মন্ত্রণালয়াধীন সকল প্রতিষ্ঠান এবং কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ থেকে অভিজ্ঞজনদের নিয়ে রিভিউ এবং ভ্যালিডেশন ওয়ার্কশপে অংশগ্রহণের জন্য নাটা ক্যাম্পাসে আমন্ত্রণ জানান হয়। এ বছর ৯ জুন ২০২২ খ্রি. নাটার ভ্যালিডেশন ওয়ার্কশপের আয়োজন করা হয়। উক্ত ভ্যালিডেশন ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জনাব রেহেনা ইয়াছমিন। ভ্যালিডেশন ওয়ার্কশপ এর পূর্বপ্রস্তুতি হিসেবে প্রথমে নাটার রাজস্ব বাজেটে চলমান ২২ টি কোর্সের জন্য কোর্স সমন্বয়ক টিম গঠন করা হয়। উক্ত ওয়ার্কশপের মডারেটর হিসেবে আমন্ত্রণ জানান হয় প্রফেসর ড. মো. আবদুল মোমেন মিয়া, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। সমন্বয়ক টিম প্রফেসর ড. মো. আবদুল মোমেন মিয়া, মডারেটরের নেতৃত্বে ওয়ার্কশপের কন্টেন্ট তৈরীর কাজ করেন। ওয়ার্কশপের নির্দিষ্ট দিনে প্রফেসর ড. মো. আবদুল মোমেন মিয়া অংশগ্রহনকারীদের নিকট কন্টেন্ট পেপার উপস্থাপন করেন এবং করণীয় সম্পর্কে সকলকে অবহিত করেন ও দিকনির্দেশনা প্রদান করেন। দায়িত্বপ্রাপ্ত ফ্যাকাল্টিগণ প্রস্তাবিত কোর্সের কন্টেন্ট নির্ধারিত ফরম্যাট অনুযায়ী ভ্যালিডেশন ওয়ার্কশপে উপস্থাপন করেন। সকলের মতামতের ভিত্তিতে এবং মডারেটরের সহযোগিতায় ও দিকনির্দেশনায় উক্ত ওয়ার্কশপে প্রতিটি কোর্সের কন্টেন্ট এর উপর বিশেষজ্ঞদের মতামত সংরক্ষণ করা হয় এবং সে অনুযায়ী সংযোজন, বিয়োজন বা পরিমার্জন করে কোর্স কন্টেন্ট চূড়ান্ত করা হয়।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বিভিন্ন উপস্থাপনার উপর বিশেষজ্ঞ মতামত প্রদান করেন। ওয়ার্কশপের সভাপতিত্ব করেন জনাব মাহমুদুল হাসান, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), নাটা। উক্ত ওয়ার্কশপে নাটার অনুষদ সদস্য ও আমন্ত্রিত অতিথিসহ মোট ৬০ (ষাট) জন অংশগ্রহণ করেন। সকলের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ক্ষেত্রে কোর্সের কন্টেন্ট এ কিছু পরিবর্তন আনা হয়। Advanced ICT কোর্সটির মেয়াদ ১৫ দিন থেকে ১০ দিনে নির্ধারণ করা হয়। Eco-Friendly Plant Protection Techniques ও Industrial Revolution 4.0 in Agriculture কোর্স দুইটির মেয়াদ ১০ দিন থেকে ৫ দিনে নির্ধারণ করা হয়। বর্তমান সময়ের চাহিদার ভিত্তিতে ১০ দিন ব্যাপী GIS and Remote Sensing in Agriculture ও ১০ দিন ব্যাপী English Language and skill Development এবং ৫ দিন ব্যাপী Crop Improvement Through plant Biotechnology এ তিনটি নতুন কোর্স ভ্যালিডেশন ওয়ার্কশপে উপস্থাপন করা হয় এবং উপস্থিত প্রতিনিধিগণের মতামতের আলোকে ২০২২-২৩ অর্থ বছরে অন্তর্ভুক্তির জন্য চূড়ান্ত করা হয়।

